# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Bhadra 16, 1433 Bangla, August 31, 2026, Monday, No. 237, 56th year


# H I G H L I G H T S

President Mirza Fakhrul Islam Alamgir has said, all criminals involved in enforced disappearances will be brought to justice. [Jago FM: 11]

State Minister for LGRD and Cooperatives has said, Malaysia will hire about 200,000 workers from Bangladesh in next six months. [DW: 10]

State Minister for Foreign Affairs has stated that Bangladesh sees no risk in joining Mecca Defence Pact with Saudi Arabia, Pakistan and Turkey. [Jago FM: 18]

Bangladesh Bank has set a maximum interest rate of 7 percent for loans under Tk 3,000 crore refinancing fund for formation of a specialized agro-based economic hub in northern Bangladesh. [R. Today: 24]

RAB has arrested two suspects in connection with death of a school teacher, killed during a mugging incident in Dhaka. [BBC: 07]

A Bangladeshi youth has been killed in a shooting incident near Chimtibil border in Habiganj's Chunarughat upazila. [R. Tehran: 10]

Four more people have died across country with suspected measles. [BBC: 07]

In Nepal, death toll in flash floods has risen to 788 with 2,502 missing. [BBC: 08]

Seven people have been killed after a passenger boat with 267 people capsized off northern Cyprus. [BBC: 24]


| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048 44813179** | **Assistant News Controller: 44813047 44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**ভাদ্র ১৬, বাংলা ১৪৩৩, আগস্ট ৩১, ২০২৬, সোমবার, নং- ২৩৭, ৫৬তম বছর**

# শিরোনাম

গুমের ঘটনার সঙ্গে জড়িত অপরাধীদের বিচারের মুখোমুখি করা হবে, আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবসের অনুষ্ঠানে বললেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। [জাগো এফএম : ১১]

আগামী ছয় মাসের মধ্যে অন্তত দুই লাখ বাংলাদেশি কর্মী নেবে মালয়েশিয়া, জানিয়েছেন এলজিআরডি ও সমবায় প্রতিমন্ত্রী। [ডয়চে ভেলে : ১০]

সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের মধ্যে সদ্য স্বাক্ষরিত মক্কা চুক্তি নিয়ে কোনো ঝুঁকি দেখছে না বাংলাদেশ, জানালেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। [জাগো এফএম: ১৮]

দেশের উত্তরাঞ্চলে কৃষিভিত্তিক বিশেষ অর্থনৈতিক কেন্দ্র গড়ে তুলতে ৩ হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় ঋণের সুদহার সর্বোচ্চ ৭ শতাংশ নির্ধারণ বাংলাদেশ ব্যাংকের। [রে. টুডে: ২৪]

জাতীয় সংসদ ভবনের সামনে ছিনতাইয়ের সময় স্কুল শিক্ষিকা ভীন নিহতের ঘটনায় সন্দেহভাজন দুইজনকে গ্রেফতার করেছে র্যাব। [বিবিসি: ০৭]

হবিগঞ্জের চুনারুঘাটে চিমটিবিল সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশি যুবক নিহত। [রে. তেহরান: ১০]

সারাদেশে হামের উপসর্গ নিয়ে আরও চারজনের মৃত্যু। [বিবিসি: ০৭]

উত্তর সাইপ্রাসের অদূরে ২৬৭ জন আরোহী নিয়ে একটি যাত্রীবাহী নৌকা ডুবে ৭ জনের প্রাণহানি। [বিবিসি: ০৮]

আকস্মিক বন্যায় নেপালে মৃতের সংখ্যা বেড়ে ৭৮৮ জনে দাঁড়িয়েছে। [বিবিসি: ২৪]

# বিবিসি

## গুম প্রতিরোধে বাংলাদেশে কী পরিবর্তন এসেছে?

বাংলাদেশে আওয়ামী লীগ সরকারের আমলে বিরোধী রাজনৈতিক দলের নেতাকর্মী কিংবা ভিন্নমতের অনেককে গুমের অভিযোগ বারবার উঠেছে। এমনকি বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী নিজেও একসময় গুমের শিকার হয়েছিলেন বলে অভিযোগ আছে। সরকার পতনের পর এমন পরিস্থিতি বদলের দাবি ওঠে। ২০২৫ সালে গুমের ঘটনা তদন্তে একটি কমিশন গঠন করে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার। নেওয়া হয় গুম প্রতিরোধে আইন প্রণয়নের উদ্যোগও। গত বছর অর্থাৎ ২০২৫ সালে গুম প্রতিরোধে প্রথমবারের মতো একটি অধ্যাদেশ জারি করেছিল অন্তর্বর্তী সরকার। কিন্তু বিএনপি সরকার গঠনের পর এই অধ্যাদেশটি নির্দিষ্ট সময়ের মধ্যে সংসদে অনুমোদিত না হওয়ায় তা কার্যকারিতা হারায়। যদিও বিষয়টি আরও যাচাই–বাছাই করে গুম ইস্যুতে নতুন বিল আনার কথা বলেছিল সরকার। গত ২৭ আগস্ট জাতীয় সংসদে 'গুম প্রতিরোধ ও প্রতিকার বিল, ২০২৬' আকারে যা উত্থাপন করেছেন বর্তমান সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী। যদিও উত্থাপিত বিলটির খসড়া মন্ত্রিসভায় অনুমোদনের পর থেকেই এ নিয়ে নানা আলোচনা-সমালোচনা শুরু হয়েছিল। বিশেষ করে, গুমসংক্রান্ত অভিযোগ তদন্তের দায়িত্ব, পৃথক স্বাধীন প্রতিষ্ঠানের হাতে দেওয়ার বদলে আইন-শৃঙ্খলা বাহিনীর অধীনে রাখার বিষয়টি নিয়ে সমালোচনা করছেন অনেকে। ফলে গুম প্রতিরোধ এবং অপরাধীদের শাস্তি দেওয়ার ক্ষেত্রে এই আইন কতটা ভূমিকা রাখতে পারবে, এই প্রশ্নও উঠছে। এমনকি আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে গুম কমিশন গঠন, গুম হওয়া ব্যক্তিদের তালিকা তৈরি, অধ্যাদেশ ও আইন প্রণয়নের প্রক্রিয়াসহ যত পদক্ষেপ নেওয়া হয়েছে, তার ফলে কী পরিবর্তন এসেছে, এই আলোচনাও হচ্ছে। বিশেষ করে সাম্প্রতিক সময়ে মিরাজ শেখ নামে একজন ব্যক্তির গুম হওয়ার অভিযোগ, এই বিতর্কে বাড়তি মাত্রা যোগ করেছে। যেটি শেখ হাসিনার সরকারের পতনের পর গত দুই বছরের মধ্যে গুমের প্রথম ঘটনা বলেই ধারণা করছে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ। বিষয়টি সামনে আসার পর বাংলাদেশে গুমের ঘটনা বা এই ধরনের তৎপরতা আবারও শুরু হয়েছে কি না– এমন প্রশ্নও তুলেছেন কেউ কেউ।

### উত্থাপিত বিলে যা আছে

বাংলাদেশে গুম প্রতিরোধের আইনটিকে, শুরু থেকেই সাধারণ মানুষের মানবাধিকার সুরক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবেই দেখা হচ্ছে। সম্প্রতি জাতীয় সংসদে 'গুম প্রতিরোধ ও প্রতিকার বিল, ২০২৬' উত্থাপন করেছেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, যা সংসদে পাস হলেই আইনে পরিণত হবে। অনেকেই মনে করছেন, সংসদে দলটির নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা থাকায়, এটি আইন আকারে পাস করতে তেমন কোনো বাধার সম্মুখীন হতে হবে না সরকারকে। বলা হচ্ছে, জাতীয় সংসদে উত্থাপিত এই সংক্রান্ত বিলে গুমকে অস্বীকারের সংস্কৃতি থেকে বের করে আইনের আওতায় আনা হয়েছে। অপরাধীর শাস্তি, ভুক্তভোগীর ক্ষতিপূরণ ও অধিকারের বিষয়গুলোও এখানে উল্লেখ করা হয়েছে। গুম প্রতিরোধ ও প্রতিকার বিল, ২০২৬-এ গুমকে সংজ্ঞায়িত করা হয়েছে। যেখানে বলা হয়েছে, কোনো সরকারি কর্মচারী বা শৃঙ্খলা বাহিনীর সদস্য অথবা সরকারের অনুমোদনে কাউকে গ্রেফতার-আটক-অপহরণের পর তার অবস্থান অস্বীকার করা বা গোপন রাখা। এক্ষেত্রে কঠোর শাস্তি ও ক্ষতিপূরণের বিধান রাখা হয়েছে এই বিলে। বলা হয়েছে, গুমের অভিযোগ প্রমাণ হলে সর্বোচ্চ যাবজ্জীবন এবং ৫০ লাখ টাকা জরিমানা। তবে, ভুক্তভোগী মারা গেলে বা পাঁচ বছর পরও না পাওয়া গেলে- সর্বোচ্চ মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন এবং এক কোটি টাকা জরিমানার বিধান রাখা হয়েছে। এছাড়া পরিকল্পিত গুমের ঘটনায় মানবতাবিরোধী অপরাধ হিসেবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার করার বিষয়টিও রয়েছে। উত্থাপিত বিলে ভুক্তভোগী ও পরিবারের জন্য আইনি সহায়তা, চিকিৎসা, পুনর্বাসন ও ক্ষতিপূরণের বিষয়েও উল্লেখ করা হয়েছে। এছাড়া ভুক্তভোগী পরিবারের তদন্তের অগ্রগতি জানার অধিকার, অভিযুক্তের অনুপস্থিতিতে বিচার ও ডিজিটাল সাক্ষ্য নেওয়ার প্রক্রিয়া, সাক্ষী বা তথ্যদাতার নিরাপত্তার বিষয়েও বলা হয়েছে।

### কতটা কার্যকর হবে

অন্তর্বর্তী সরকার গুমের অভিযোগ তদন্তে জাতীয় মানবাধিকার কমিশনকে যে ক্ষমতা দিয়ে অধ্যাদেশ জারি করেছিল, উত্থাপিত বিলে সেখানে পরিবর্তন আনায় এর কার্যকারিতা নিয়ে সংশয় প্রকাশ করেছেন অনেকে। মানবাধিকারকর্মী ও আইন বিশেষজ্ঞদের কেউ কেউ বলছেন, তদন্তের ক্ষমতা স্বাধীন ও নিরপেক্ষ কোনো সংস্থার হাতে না দিয়ে আইন-শৃঙ্খলা বাহিনীর কাছে দেওয়ায় এই আইন বাস্তবে কোনো কাজে আসবে না। তারা মনে করেন, অভিযোগ যদি কোনো শৃঙ্খলা বাহিনীর বিরুদ্ধে হয়, তাহলে সেই বাহিনী তদন্ত করতে পারবে না। সরকার অন্য বাহিনী বা আন্তঃবাহিনী তদন্ত দলকে দায়িত্ব দেবে। এটি শুনতে ভালো মনে হলেও বাস্তবে "এক বাহিনীর বিরুদ্ধে অন্য বাহিনী„ তদন্ত করলে সেটি কতটা স্বাধীন হবে, ভুক্তভোগী পরিবার কি ভরসা পাবে- এই প্রশ্ন তুলেছেন মানবাধিকার ও পরিবেশবাদী সংগঠন হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশ এর সভাপতি ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মনজিল মোরসেদ। তিনি বলছেন, আইনের মধ্যে ফাঁক-ফোকর থাকলে সেই আইন কখনই কার্যকর হয় না। "আইনটা এমনভাবে করা দরকার ছিল, যাতে তদন্তটা অন্য কেউ, অর্থাৎ পৃথক কোনো কমিশন হোক বা সিভিল

প্রশাসন হোক- অন্য কেউ করতে হবে। সংশ্লিষ্ট বাহিনী বা অন্য কোনো বাহিনী, সেটা করলে খুব একটা ভিন্ন ফলাফল আসবে না,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। আইন বিশেষজ্ঞরা বলছেন, গুমের মতো স্পর্শকাতর অপরাধের জন্য দরকার একটি "পৃথক, স্বাধীন ও বিশেষায়িত তদন্ত সংস্থা„। যার নিজস্ব জনবল, বাজেট ও গোপন আটকস্থল পরিদর্শনের ক্ষমতা থাকবে, তা না হলে তদন্তে পক্ষপাতের আশঙ্কা থেকেই যাবে। গুমের ঘটনায় তদন্তের দায়িত্ব আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে থেকে গেলে, এই আইনের কার্যকারিতা নিয়ে সংশয় রয়েছে বলে মনে করেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন বা এমএসএফ-এর প্রধান নির্বাহী অ্যাডভোকেট সাইদুর রহমান। তিনি বলছেন, "গুমের মতো ঘটনা তদন্তের ক্ষেত্রে স্পেশাল কমিশন বা ইস্যুভিত্তিক বিচারবিভাগীয় তদন্ত কমিশন করা বাঞ্ছনীয়।„ যদিও এই আইনের মধ্যদিয়ে, গুমের বিষয়ে অভিযোগ করার আইনি ভিত্তি তৈরি হচ্ছে, যা ইতিবাচক বলেই মত এই মানবাধিকারকর্মীর। গুম প্রতিরোধ ও প্রতিকার বিল, ২০২৬-এ তদন্তের বিষয়টি ছাড়াও বেশ কিছু ত্রুটি দেখছেন অপরাধ বিশ্লেষক অধ্যাপক মুহাম্মদ উমর ফারুক। তিনি বলছেন, এই আইনে গুমের শিকার হওয়া ব্যক্তির অধিকার এবং তার প্রয়োজনের বিষয়গুলো আমলে নেওয়া হয়নি। এছাড়া, গুমের শিকার হওয়া ব্যক্তির পরিবারের ক্ষতিপূরণ কী হবে, সে বিষয়েও কিছু উল্লেখ নেই। "একটি ঘটনায় আসামির সম্পৃক্ততা আছে কি না, সেই বিষয়টি ডিফেন্ড করার অনেক সুযোগ আইনের মধ্যেই রেখে দেওয়া হয়েছে। যার মাধ্যমে অপরাধীদের পার পাওয়ার সুযোগ থেকে যাবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। মি. ফারুক বলছেন, বাংলাদেশের আদালতে সাধারণ ফৌজদারি মামলাই বছরের পর বছর চলে। গুমের মতো জটিল মামলায় সাক্ষী সুরক্ষা, প্রমাণ সংগ্রহ, আন্তর্জাতিক সহযোগিতা- সব মিলিয়ে ১২০ দিনে শেষ করা বাস্তবে কঠিন। সময়সীমা না মানলে কী শাস্তি, তাও স্পষ্ট নয়। এছাড়া সাক্ষী ও তথ্যদাতার নিরাপত্তার বিষয়টি কাগজে থাকলেও বাস্তবে তাদেরকে সুরক্ষা দেবে কে? এই প্রশ্নও তুলছেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, অতীতে গুমের শিকার বা তাদের পরিবারকে হুমকির মুখে পড়তে দেখা গেছে।

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## কনসার্ট-নৌকাবাইচে বাধার অভিযোগ, সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন

বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া, কিশোরগঞ্জ ও সিলেটে কিছু সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে বাধার অভিযোগ ওঠার পর এ নিয়ে নানা ধরনের আলোচনা হচ্ছে। এর আগে, অন্তর্বর্তী সরকারের সময়েও বাধার মুখে একের পর এক সাংস্কৃতিক অনুষ্ঠান বন্ধের ঘটনা ঘটেছিল। সম্প্রতি ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশ লাইন্সে ঢুকে পুলিশের আয়োজিত অনুষ্ঠানে হামলা, কিশোরগঞ্জে কয়েকটি ব্যান্ডের একটি কনসার্ট স্থগিত করা এবং সিলেটের বিয়ানিবাজারে নৌকা বাইচ আয়োজনে বাধা দেওয়ার অভিযোগ ওঠে। বর্তমান সরকার সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে বাধা দূর করতে কতটা সক্রিয় সেই প্রশ্ন উঠছে। এর মধ্যে "ব্রাহ্মণবাড়িয়ার গান-বাজনা বন্ধ করে দেওয়া হয়েছে„- এমন বক্তব্য দেওয়ায় জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি'র মুখ্য সংগঠক ও কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আব্দুল্লাহর বিরুদ্ধে কওমি ছাত্র ঐক্য পরিষদের ব্যানারে শুক্রবার রাতভর বিক্ষোভ মিছিল হয়। এ প্রেক্ষাপটে শনিবার দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক পাতায় দুঃখ প্রকাশ করেন হাসনাত আব্দুল্লাহ। সম্প্রতি ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের কনসার্ট বন্ধ হওয়ার খবর প্রকাশ হওয়ার পর ঢাকায় স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ নিজেই বলেছিলেন, "ব্রাহ্মণবাড়িয়া এলাকাটাই এমন যে গান-বাজনা-সিনেমা বহু বছর যাবত প্রায় নিষিদ্ধের মতো এলাকা। ওখানকার পরিস্থিতি আলাদা। পরিবেশ বিবেচনায় যেখানে যা ব্যবস্থা নেওয়া দরকার, সেই ব্যবস্থা নিয়েছি।„ সাংস্কৃতিক সংগঠন গ্রুপ থিয়েটার ফেডারেশনের সেক্রেটারি জেনারেল কামাল বায়েজীদ বিবিসি বাংলাকে বলছেন, দেশের বিভিন্ন জায়গায় সাংস্কৃতিক অনুষ্ঠানে ধারাবাহিকভাবে বাধা আসার পরেও কর্তৃপক্ষের নিরবতার কারণে দেশজুড়ে সংস্কৃতিকর্মীরাই নিরাপত্তাহীন হয়ে পড়েছেন। যদিও তথ্যমন্ত্রী আন্দালিভ রহমান পার্থ গত মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে বলেছেন যে, দেশের কিছু জায়গায় সাংস্কৃতিক অনুষ্ঠান বাতিলের ঘটনাকে সরকারের 'সাংস্কৃতিক কর্মকাণ্ডবিরোধী অবস্থান' হিসেবে দেখার সুযোগ নেই। একই অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান বলেছেন, "বিভিন্ন কারণেই কোনো অনুষ্ঠান বাতিল হতে পারে। সব ক্ষেত্রে কোনো গোষ্ঠীর আপত্তিই একমাত্র কারণ- এভাবে দেখার সুযোগ নেই।„ রাজনৈতিক বিশ্লেষক জোবাইদা নাসরিন বিবিসি বাংলাকে বলছেন, ধর্মীয় আধিপত্যবাদী কিছু গোষ্ঠী সংস্কৃতিকর্মীদের জন্য একটি ভয়ের সংস্কৃতি তৈরি করেছে, তার বিরুদ্ধে সরকারকে দৃশ্যমান পদক্ষেপ নিতে তো দেখা যাচ্ছে না।

**সম্প্রতি যা যা ঘটেছে**

গত ১৮ আগস্ট ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশ লাইন্সের ভেতরে জেলা পুলিশের আয়োজিত একটি কনসার্টে হামলার ঘটনা ঘটে। এই হামলায় কিছু মাদ্রাসা শিক্ষার্থী জড়িত বলে অভিযোগ ওঠে। সেখানে পুলিশের সঙ্গে সংঘর্ষে মাদ্রাসার কিছু শিক্ষার্থী আহতও হন। জেলার কওমি মাদ্রাসাভিত্তিক সংগঠন- কওমি ঐক্য পরিষদের মুখপাত্র আব্দুল খালেক বিবিসি বাংলাকে বলেছেন, তারা কোনো 'অপসংস্কৃতির চর্চা' হতে দেবেন না। "মাদ্রাসা শিক্ষার্থীরা সেখানে হামলা করেনি। গভীর রাতে গান বাজানো হচ্ছিল, সেটা বন্ধ করতে বলায় তারা শিশুদের ওপর হামলা করেছিল,„ বলছিলেন তিনি। ওই ঘটনার পর ঢাকায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের মন্তব্যের জের ধরে গত

বৃহস্পতিবার জাতীয় সংসদের অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে সংসদে বিষয়টি উত্থাপন করেন কুমিল্লা-৪ আসনের এমপি হাসনাত আব্দুল্লাহ। তিনি বলেন, "ব্রাহ্মণবাড়িয়ায় গান-বাজনা বন্ধ করে দেওয়া হয়েছে, নৌকাবাইচ বন্ধ করে দেওয়া হয়েছে। গত ছয় মাসে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক করা এবং আইনের শাসন প্রতিষ্ঠিত করতে স্বরাষ্ট্রমন্ত্রীর পর্যাপ্ত ভূমিকা রাখতে পেরেছেন কি না।„ তার এই বক্তব্যের প্রতিবাদে শুক্রবার রাতে ব্রাহ্মণবাড়িয়ায় কওমি ছাত্র ঐক্য পরিষদ বিক্ষোভ মিছিল করে এবং সেখানে হাসনাত আবদুল্লাহকে ক্ষমা চাওয়ার আহ্বান জানানো হয়। মিছিলে অংশগ্রহণকারীরা বলেন, ক্ষমা না চাওয়া পর্যন্ত ব্রাহ্মণবাড়িয়ায় এনসিপির কোনো কর্মসূচি হতে দেওয়া হবে না। এমন প্রেক্ষাপটে শনিবার নিজের ভেরিফায়েড পাতায় হাসনাত আব্দুল্লাহ লিখেছেন, "আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির জন্য স্বরাষ্ট্রমন্ত্রীর জবাবদিহি চেয়ে সংসদে যে বক্তব্য দিয়েছিলাম, তাতে ব্রাহ্মণবাড়িয়ার মানুষের সঙ্গে ভুল-বোঝাবুঝি সৃষ্টি হওয়ায় দুঃখ প্রকাশ করছি।„ তিনি তার পোস্টে লিখেছেন, "এই বাংলাদেশ সবার- এই বাংলাদেশে মসজিদ থাকবে, মন্দির থাকবে, সঙ্গীত থাকবে, ওয়াজ থাকবে, মাজার থাকবে, কনসার্ট হবে, মাহফিল হবে, রথযাত্রা হবে, সিনেমা উৎসব হবে, আবার বিজ্ঞ আলেমদের আলোচনাও হবে। সকল ধর্মের, মতের মিলনস্থল আমার এই বাংলাদেশ। যার যেটা পছন্দ হবে, সে সেটায় যাবে, অংশ নেবে, যার যেটা পছন্দ হবে না, সে সেটায় যাবে না। আর সরকার এইটুকু নিশ্চিত করবে, কেউ যেন আরেকজনের অধিকার ক্ষুণ্ণ হয়, এমন কিছু করতে না পারে। আজকে সরকার সেই নিরাপত্তা দিতে পারছে না, এবং তার ফলে সমতার যে বাংলাদেশ আমরা গড়তে চাচ্ছি, তা ক্ষতিগ্রস্ত হচ্ছে।„

এর আগে, গত ১৯ আগস্ট কিশোরগঞ্জের পুরোনো স্টেডিয়ামে কয়েকটি ব্যান্ডের একটি কনসার্ট স্থগিত করেছিল স্থানীয় প্রশাসন। কনসার্টটি বন্ধের দাবি জানিয়ে জেলা প্রশাসকের কাছে দেওয়া স্মারকলিপি পাঠায় 'ইমাম-উলামা পরিষদ, কিশোরগঞ্জ সদর শাখা'। ওদিকে সিলেটের বিয়ানীবাজারের উপজেলার সুনাই নদীতে নৌকাবাইচের আয়োজন বন্ধের দাবি করে সামাজিক মাধ্যমে প্রচার শুরু করেছিল 'তৌহিদী জনতার' পরিচয়ধারী একটি গোষ্ঠী। এ নিয়ে ব্যাপক আলোচনা-সমালোচনার মধ্যেই শুক্রবার শেষ পর্যন্ত নৌকাবাইচ অনুষ্ঠিত হয়েছে বলে স্থানীয় সংবাদ মাধ্যমে খবর প্রকাশিত হয়। নৌকাবাইচের সময় ইঞ্জিনচালিত নৌকা নিয়ে পুলিশ সদস্যদের টহল দিতে দেখা যায় বলেও খবরগুলোতে জানানো হয়। ওই নৌকাবাইচ অনুষ্ঠানে স্থানীয় সংসদ সদস্য এমরান আহমদ চৌধুরী বলেছেন, প্রতিবছর ঐক্যবদ্ধভাবে নৌকাবাইচ আয়োজন ও উপভোগ করা হবে।

**সরকারের দিক থেকে যা বলা হয়েছে**

কোনো কোনো জায়গায় কনসার্ট বন্ধ করার বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী আন্দালিভ রহমান পার্থ বলেছেন, সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যাপারে বাধাবিঘ্ন হোক, সরকারের তরফ থেকে এমন কোনো মানসিকতা নেই। গত মঙ্গলবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এমন মন্তব্য করেছেন। এ সময় প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমান বলেন, অন্তর্বর্তী সরকারের তুলনায় বর্তমান সরকারের সময়ে তেমন কিছুই হচ্ছে না। "আমি যদি তুলনা করি, ৫ আগস্ট–পরবর্তী বাংলাদেশ যে জায়গায় চলে গিয়েছিল, এ সরকারের সময় সিগনিফিকেন্টলি বললে কম বলা হবে, ড্রামাটিক্যালি ডেভেলপমেন্ট হয়েছে। তবে দু–একটা ঘটনা যে ঘটছে না, তা নয়,„ বলেছেন তিনি। প্রসঙ্গত, অন্তর্বর্তী সরকারের সময়ে ঢাকার উত্তরায় বসন্ত উৎসব ও ঢাকা মহানগর নাট্য উৎসবের মতো আয়োজনও বন্ধ করে দেওয়ার ঘটনা ঘটেছিল। শিল্পকলা একাডেমিতে একটি নাট্যদলের শো মাঝপথে বন্ধ করে দেওয়ার পর আয়োজিত প্রতিবাদে নাট্যকর্মীদের ওপর হামলা হয়েছিল। চট্টগ্রামে আবৃত্তি সংগঠন প্রমা'র উৎসব বন্ধ করার ঘটনাও আলোচনার জন্ম দিয়েছিল। হেফাজতে ইসলাম ও কওমী ওলামা পরিষদের নেতাকর্মীদের আপত্তির মুখে টাঙ্গাইলের মধুপুরে লালন স্মরণোৎসবের তারিখ স্থগিত হওয়ার পর সমঝোতার মাধ্যমে করতে হয়েছিল। এছাড়া দেশের বিভিন্ন জায়গায় বাউল গানের অনুষ্ঠানে হামলা ও বাউল শিল্পী আটকের ঘটনাও সমালোচনার জন্ম দিয়েছিল।

**সংস্কৃতিকর্মী ও বিশ্লেষকের ভাষ্য**

গ্রুপ থিয়েটার ফেডারেশনের সেক্রেটারি জেনারেল কামাল বায়েজীদ বলছেন, সাংস্কৃতিক আয়োজন বা কর্মকাণ্ডের ওপর একটি গোষ্ঠী সারাজীবন ধরেই তৎপরতা চালিয়ে আসছে। কিন্তু অন্তর্বর্তী সরকারের সময়ে যেভাবে হামলা, গ্রেফতার ও বাধা দেওয়া হয়েছে তা এখন 'গণতান্ত্রিক সরকারের' সময়েও চলছে, এটি উদ্বেগজনক। "সরকারের নিরবতা বিপজ্জনক হয়ে দাড়িয়েছে। সরকারকে মৌলবাদ বা সাম্প্রদায়িক গোষ্ঠীর বিষয়ে তো ব্যবস্থা নিতে হবে। এই নিরবতার কারণে কনসার্ট, নৌকা বাইচ কিংবা অন্য সাংস্কৃতিক অনুষ্ঠানে বাধা আসছে। সংস্কৃতিসেবীরা নিরাপত্তাহীন হয়ে পড়েছে। যারা বাউল গান গায় তারা তো নিরাপদ নয়। কোনো কিছুর বিচার হচ্ছে না। এটি হতাশার বিষয়,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। রাজনৈতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জোবাইদা নাসরীন বলছেন, আগে সাংস্কৃতিক কর্মকাণ্ডে বাধা আসতো রাজনৈতিক মতাদর্শের কারণে, কিন্তু সাম্প্রতিক বছরগুলোতে এক্ষেত্রে যে-সব বাধা আসছে, তার পেছনে কাজ করছে ধর্মীয় আধিপত্যবাদী রাজনীতি। "এখন যেটা হলো তার পেছনে আছে তৌহিদী জনতা, মুসলিম উম্মাহ কিংবা শরিয়তবিরোধী তকমা ব্যবহারকারী ধর্মীয় আধিপত্যবাদী রাজনীতি। তারাই বিভিন্ন ব্যানারে আক্রমণ-হুমকি দিয়ে ভয়ের সংস্কৃতি তৈরি করছে। ফলে সরকার নিষেধাজ্ঞা না দিলেও কিংবা বাধা না দিলেও একটা

ভয় তৈরি হয়েছে। এই নিরাপত্তাহীনতা সরকারকেই দূর করতে হবে। এজন্য প্রয়োজন দৃঢ় ও দৃশ্যমান ব্যবস্থা, যাতে সবাই তার নিজের কাজ বাধাহীনভাবে করতে পারে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## আওয়ামী লীগ নেতাদের নিয়ে দিল্লির সেমিনার পুলিশি বাধায় বাতিল, কী জানা যাচ্ছে?

ভারতের নয়াদিল্লিতে ফরেন করেসপন্ডেন্টস ক্লাব বা এফসিসি বাংলাদেশের কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কয়েকজন নেতাকে নিয়ে একটি সেমিনার আয়োজন করেছিল। পরে দিল্লি পুলিশের বাধার কারণে শেষ পর্যন্ত এই সেমিনারটি বাতিল করে আয়োজকরা। শনিবার সন্ধ্যায় এফসিসি এক বিবৃতিতে জানায়, দিল্লি পুলিশ শেষ মুহূর্তে অনুষ্ঠানটির অনুমতি দিতে অস্বীকৃতি জানানোর কারণেই সেমিনারটি বাতিল করতে হয়েছে। এই সেমিনার আয়োজনের বিষয়টি নিয়ে এফএফসিসির পক্ষ থেকে আগেই তাদের এক্স একাউন্টে একটি পোস্ট দিয়েছিল। সেখানে বিষয়বস্তু ও কারা বক্তব্য দিবে সেই বিষয়গুলো লিফলেটেও যুক্ত ছিল। এই সেমিনারে অন্যান্য বক্তাদের মধ্যে উপস্থিত থাকার কথা ছিল বাংলাদেশে কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সেলিম মাহমুদের। এছাড়া মানবাধিকারকর্মী, গবেষক এবং বাংলাদেশে নিযুক্ত ভারতের সাবেক হাইকমিশনার বীণা সিক্রিসহ আরো বেশ কয়েকজনের এই সেমিনারে বক্তা হিসেবে ছিলেন। ফরেন করেসপন্ডেন্টস ক্লাবের সাধারণ সম্পাদক প্রকাশ নন্দ বিবিসি বাংলাকে বলেছেন, ”তারা শুধু আমাদের বলেছে, এই অনুষ্ঠান করার অনুমতি নেই। তবে ঠিক কারণে অনুমতি নেই বা তারা বন্ধ করেছে, সেটি তারা জানাতে অস্বীকৃতি জানিয়েছে।„ এ নিয়ে দিল্লি পুলিশের আনুষ্ঠানিক বক্তব্য দেয়নি। দিল্লি পুলিশের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা বিবিসি বাংলাকে বলেছেন, ”অপ্রীতিকর পরিস্থিতি তৈরির আশঙ্কা থাকলে পুলিশ যে-কোনো সময়ে যে-কোনো অনুষ্ঠান বাতিল করার অধিকার রাখে।„ এ নিয়ে আওয়ামী লীগের একাধিক নেতার সাথে যোগাযোগের চেষ্টা করা হলেও তাদের বক্তব্য পাওয়া যায়নি।

এর আগে, এ মাসের ৫ তারিখে এফসিসি দিল্লিতে আরো একটি সেমিনারের আয়োজন করেছিল। বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই অনুষ্ঠানে ভার্চুয়ালি বক্তব্যও দিয়েছিল। তার ওই বক্তব্যের পর এ নিয়ে ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছিল ঢাকা। এ নিয়ে দুই দেশের মধ্যে সে সময় টানাপড়েন হয়। দিল্লি থেকে বিবিসি সংবাদদাতা শুভজ্যোতি ঘোষ জানান, এ বছরের ৫ আগস্টের অভিজ্ঞতা পর হয়ত দিল্লি আওয়ামী লীগ নেতাদের কোনো প্রকাশ্যে অনুষ্ঠান করতে দিতে চাইছে না বলেই মনে করা হচ্ছে। প্রায় একই রকম বলছেন বাংলাদেশের সাবেক কূটনীতিকরা। তারা মনে করছেন, শেখ হাসিনার ওই বক্তব্যের পরই দিল্লি ও ঢাকার সম্পর্ককে আরো তিক্ত করেছিল। যে কারণে প্রায় একই রকম আরেকটি অনুষ্ঠান হোক, সেটি দিল্লি চায়নি।

### দিল্লির অনুষ্ঠানটি নিয়ে কী জানা যাচ্ছে?

দিল্লিতে যে সেমিনারের আয়োজন করা হয়েছিল, সেটির বিষয় ছিল 'ইউরোপ অ্যান্ড এশিয়া: ফ্রম ডায়ালগ টু আ পার্টনারশিপ'। 'ফরেন করেসপন্ডেন্টস ক্লাব অব সাউথ এশিয়া' বা এফসিসি মূলত দিল্লিতে বিদেশি গণমাধ্যমের সংবাদকর্মীদের একটি সংগঠন। গত ২৭ আগস্ট ফরেন করসপনডেন্ট ক্লাবের এক্স একাউন্টে (সাবেক টুইটার)-এর একটি পোস্টে জানানো হয়, এফসিসি'র পাশাপাশি এই সেমিনারটির যৌথ আয়োজক হিসেবে রয়েছে বেলজিয়ামভিত্তিক 'হ্যান্ড ইন হ্যান্ড ফাউন্ডেশন' নামের একটি সংগঠন। এফসিসির ঘোষণা অনুযায়ী, শনিবার সন্ধ্যা ছয়টা থেকে রাত আটটা পর্যন্ত এই সেমিনারটি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল নয়াদিল্লির স্যার মার্ক টালি অডিটোরিয়ামে। সেমিনারের জন্য এফসিসি যে অনলাইন প্রচারপত্র তৈরি করে এক্স একাউন্টে পোস্ট করা হয়েছিল, সেখানে প্যানেল বক্তাদের তালিকায় ছিলেন বাংলাদেশে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের তথ্য ও গবেষণা সম্পাদক সেলিম মাহমুদ, বাংলাদেশি-আমেরিকান বিজ্ঞানী ও মানবাধিকার কর্মী নূরান নবী, রোহিঙ্গা অধিকার কর্মী ও রোহিঙ্গা ইউনাইটেড ইয়ুথ নেটওয়ার্কের সভাপতি রবি আলম, ইউনাইটেড ডিপ্লোম্যাটিক কাউন্সিলের সভাপতি আসিফ ইকবাল। এছাড়া, এই সেমিনারের আলোচক হিসেবে নাম ছিল, বাংলাদেশে নিযুক্ত ভারতের সাবেক হাইকমিশনার বীণা সিক্রি, ঢাকায় নিযুক্ত সাবেক জার্মান রাষ্ট্রদূত পিটার ফারেনহোল্টজ, চেক রাজনীতিবিদ ও ইউরোপীয় পার্লামেন্টের সদস্য ওন্দ্রেজ দোস্তাল ও এফসিসি-আইএপিসি গ্লোবাল ফোরামের চেয়ারম্যান ভেঙ্কট নারায়ণ। এই সেমিনারের আলোচক ও আওয়ামী লীগের নেতা সেলিম মাহমুদের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হয়েছিল বিবিসি বাংলার পক্ষ থেকে। তবে তার সাথে যোগাযোগ সম্ভব হয়নি।

### কেন বাতিল করা হয়েছিল অনুষ্ঠানটি?

গত বৃহস্পতিবার এই অনুষ্ঠানটি সম্পর্কে আগেই ঘোষণা দিয়েছিল 'ফরেন করেসপন্ডেন্টস ক্লাব অব সাউথ এশিয়া'। এরপর অনুষ্ঠান শুরুর কিছু আগে শনিবার দুপুরে 'এফসিসি সাউথ এশিয়া'র এক্স একাউন্টের একটি পোস্টে সংগঠনটি জানায়, ”দিল্লি পুলিশ আজ সন্ধ্যায় ইউরোপ ও এশিয়া বিষয়ক এফসিসি-এর অনুষ্ঠান আয়োজন বন্ধ করে দিয়েছে।„ এই বিজ্ঞপ্তিতে বলা হয়, ”এই আকস্মিক পরিস্থিতি যে আমাদের নিয়ন্ত্রণের বাইরে, তা আপনারা নিশ্চয়ই বুঝতে পারবেন।„ সেখানে আরো উল্লেখ করা হয়, ”এতে যে অসুবিধার সৃষ্টি হয়েছে, তার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত এবং

বিষয়টি আপনারা যে বুঝতে পারছেন, তার জন্য কৃতজ্ঞ।„ তবে, এই অনুষ্ঠানটি যে দিল্লির পুলিশ বন্ধ করে দিয়েছে, সেটি বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হলেও কেন সেটি বন্ধ করা হয়েছে, সেটি নিয়ে কোন তথ্য জানানো হয়নি। দিল্লি থেকে বিবিসি সংবাদদাতা শুভজ্যোতি ঘোষ জানান, দিল্লি পুলিশ রাজ্য সরকারের অধীনস্থ কোনো বাহিনী নয়। এটা পরিচালিত হয় ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে। ফরেন করসপনডেন্ট ক্লাবের সাধারণ সম্পাদক প্রকাশ নন্দ বিবিসি বাংলাকে বলেন, ”তারা ঠিক কী কারণে এই অনুষ্ঠান বন্ধ করলো, সেটি আমাদের বলেনি। আমরা বারবার তাদের কাছে কারণ জানতে চেয়েছিলাম। কিন্তু তারা কারণ জানাতে অস্বীকৃতি জানিয়েছে।„ ”তারা শুধু বন্ধ করেনি, সন্ধ্যার দিকে পুলিশ সেখানে ব্যারিকেড দিয়েছে। সেখানে একশোরও বেশি পুলিশ মোতায়েন করেছে,„ যোগ করেন তিনি। বিষয়টি নিয়ে দিল্লি পুলিশের কাছ থেকে আনুষ্ঠানিক কোনো মন্তব্য পাওয়া যায়নি। পুলিশের একজন উর্ধ্বতন কর্মকর্তা বিবিসিকে বলেছেন, ”অপ্রীতিকর পরিস্থিতি তৈরির আশঙ্কা থাকলে পুলিশ যে-কোনো সময়ে যে-কোনো অনুষ্ঠান বাতিল করার অধিকার রাখে।„ তবে শনিবার সন্ধ্যার অনুষ্ঠানটি নিয়ে তেমন কোন আশঙ্কা ছিল কিনা, কিংবা সে কারণেই অনুষ্ঠানটি বাতিল করা হয়েছে কিনা, সে সম্পর্কে কোনো মন্তব্য করেননি ওই কর্মকর্তা।

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও মানবতাবিরোধী অপরাধের দায়ে ফাঁসির দণ্ডপ্রাপ্ত শেখ হাসিনা ২০২৪ সালের ৫ আগস্ট ক্ষমতাচ্যুতির পর থেকে ভারতে আশ্রয় নিয়েছেন। ঠিক তার দুই বছর পর এই এফসিসি'র একটি অনুষ্ঠানে ভার্চুয়ালি বক্তব্য রাখেন শেখ হাসিনা। ওই ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানায় ঢাকা। বাংলাদেশের সাবেক কূটনীতিক ও বিশ্লেষক মাহফুজুর রহমান মনে করেন, শেখ হাসিনা ভার্চুয়ালি যে বক্তব্য রেখেছিল, সেটি দিল্লি ও ঢাকার সম্পর্ককে আরো তিক্ত করেছে। যে কারণে প্রায় একই রকম আরেকটি অনুষ্ঠান হোক, সেটি দিল্লি চায়নি। মি. রহমান বলছিলেন, ”এটা একটা পজিটিভ সিগনাল। বাংলাদেশের কনসার্নকে তারা ইতিবাচকভাবে নিয়েছে। যে কারণে ভারত তাদের দিক থেকে আর কোনো ঝুঁকি নিতে চায়নি।„ (বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে চারজন মারা গেছে

গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে চারজন মারা গেছে। এর মধ্যে বরিশাল বিভাগেই দুইজন মারা গেছে। রোববার স্বাস্থ্য অধিদপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। গত ১৫ই মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গে মারা গেছে ৮৬৮ জন। আর একই সময়ে হামে ৯৯ জন মারা গেছে। গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত হয়ে ৩৬৫ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। আর এই বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামে ১৯ হাজার ২১৮ জন চিকিৎসা নিয়েছেন। এছাড়া গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে এক হাজার ১৫১ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। একইসঙ্গে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত এক লাখ ৫৬ হাজার ৮২৯ জন হামে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## সংসদ ভবনের সামনে ছিনতাই, স্কুলশিক্ষিকা নিহতের ঘটনায় দুইজনকে গ্রেফতার করেছে র্যাব

জাতীয় সংসদ ভবনের সামনে ছিনতাইয়ের সময় স্কুল শিক্ষিকা রনজিনা পারভীন নিহতের ঘটনায় সন্দেহভাজন আসামি মো. মোশাররফ হোসেন পনিসহ দুইজনকে গ্রেফতার করেছে র্যাব-২। রোববার এক সংবাদ সম্মেলনে র্যাব-২ এর অধিনায়ক অতিরিক্ত ডিআইজি নয়মুল হাসান এই তথ্য জানিয়েছেন। ”র্যাব-২ নিজস্ব গোয়েন্দা তথ্য এবং প্রযুক্তির সহায়তায় জানতে পারে যে, রনজিনা পারভীন হত্যা মামলার সন্দিগ্ধ ছিনতাইকারীদ্বয় তেজগাঁও থানাধীন পূর্ব তেজতুরী বাজার এলাকায় অবস্থান করছে,„ বলেন তিনি। পরে র্যাব-২ অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে। র্যাবের এই কর্মকর্তা জানান, হত্যাকাণ্ডের ২৪ ঘণ্টার মধ্যে ছিনতাইয়ে ব্যবহৃত মোটরসাইকেলসহ আসামিদের গ্রেফতার করা হয়েছে। আসামি পনির বিরুদ্ধে দেশের বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে। শনিবার জাতীয় সংসদ ভবনের সামনে রিকশায় থাকা রনজিনা পারভীনের ব্যাগ ধরে টান দেয় মোটরসাইকেলে আসা ছিনতাইকারীরা। পরে রিকশা থেকে তিনি পড়ে গিয়ে মাথায় আঘাত পান। সোহরাওয়ার্দী হাসপাতালে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। এই ঘটনায় তার স্বামী আব্দুল মতিন বাদী হয়ে শের-ই-বাংলা নগর থানায় একটি মামলা দায়ের করেন।(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## দুর্নীতির অভিযোগে সাবেক সেনাপ্রধান এস এম শফিউদ্দিন আহমেদকে তলব করেছে দুদক

বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ অনুসন্ধানে জিজ্ঞাসাবাদের জন্য সাবেক সেনাপ্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদকে তলব করেছে দুর্নীতি দমন কমিশন। মি. আহমেদের কাছে এ বিষয়ে একটি চিঠি পাঠিয়েছে দুদক। দুদকের পরিচালক মো. আবুল হাসনাতের স্বাক্ষর করা ওই চিঠিতে, সাবেক এই সেনাপ্রধানকে আগামী ১৪ সেপ্টেম্বর, বেলা সাড়ে বারোটায়, তার বক্তব্য দেওয়ার জন্য জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ দুদকের প্রধান কার্যালয়ের হাজির হতে বলা হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## গুম প্রতিরোধের নতুন আইন নিয়ে প্রশ্ন গুম দিবসের পদযাত্রায়

গুম প্রতিরোধ ও প্রতিকারে সরকার নতুন যে বিলের অনুমোদন দিয়েছে সেটি নিয়ে প্রশ্ন তুলেছেন গুমের শিকার ব্যক্তি ও আন্তর্জাতিক গুম প্রতিরোধ জাতীয় কমিটি। রোববার আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষ্যে আন্তর্জাতিক গুম প্রতিরোধ জাতীয় কমিটির উদ্যোগে জাতীয় সংসদ অভিমুখে পদযাত্রা অনুষ্ঠান করেছে। জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের অনেক নেতা এই পদযাত্রায় অংশ নিয়েছেন। রোববার বিকেল পৌনে পাঁচটায় এই পদযাত্রা সংসদের সামনে মানিক মিয়া অ্যাভিনিউতে পৌঁছায়। সেখানে ছয়টা পর্যন্ত এই অনুষ্ঠান চলে। এই পদযাত্রা থেকে স্পিকারের কাছে একটি স্মারকলিপি দেওয়া হয়। পদযাত্রায় অংশ নিয়ে সাবেক সেনা কর্মকর্তা ও অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল হাসিনুর রহমান গুম প্রতিরোধের নতুন আইন নিয়ে প্রশ্ন তোলেন। বিষয়টি তিনি স্পিকারকে জানিয়েছেন বলে উল্লেখ করেন। তিনি বলেন, "যে আইনটা করা হইছে, এই আইনে স্বরাষ্ট্রমন্ত্রীর সম্মানীত স্ত্রী কি প্রমাণ করতে পারবেন যে স্বরাষ্ট্রমন্ত্রী গুম ছিলেন, চ্যালেঞ্জ পারবেন না। আমরা এই ধরনের আইন চাই না।„ গত ২৭ আগস্ট জাতীয় সংসদে 'গুম প্রতিরোধ ও প্রতিকার বিল, ২০২৬' উত্থাপন করেছেন বর্তমান সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী। যদিও উত্থাপিত বিলটির খসড়া মন্ত্রিসভায় অনুমোদনের পর থেকেই এ নিয়ে নানা আলোচনা-সমালোচনা শুরু হয়েছিল। বিশেষ করে, গুমসংক্রান্ত অভিযোগ তদন্তের দায়িত্ব পৃথক স্বাধীন প্রতিষ্ঠানের হাতে দেওয়ার বদলে আইন-শৃঙ্খলা বাহিনীর অধীনে রাখার বিষয়টি নিয়ে সমালোচনা করছেন অনেকে।(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## ভুয়া মুক্তিযোদ্ধাদের ব্যাপারে সরকারের পদক্ষেপ জানতে সংসদে প্রশ্ন

ভুয়া মুক্তিযোদ্ধা সনদ ব্যবহার করে যারা ভাতাসহ বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রহণ করেছেন এবং যাদের সন্তান ও নাতি-পুতিরা চাকরি নিয়েছেন তাদের বিরুদ্ধে সরকার কী ধরনের ব্যবস্থা নেবে জাতীয় সংসদে এমন প্রশ্ন করেছেন নেত্রকোণা-৩ আসনের সংসদ সদস্য রফিকুল ইসলাম হিলালী। রোববার জাতীয় সংসদের অধিবেশনে এই প্রশ্নের উত্তর জানতে চান তিনি। তিনি বলেন, "আমার নির্বাচনি এলাকায় একজন সরকারি কর্মকর্তা ছিলেন, যিনি ভুয়া মুক্তিযোদ্ধা সনদের মাধ্যমে পদোন্নতি পেয়েছেন এবং ওই ভাতা, সুযোগ-সুবিধা গ্রহণ করেছেন, সেইক্ষেত্রে অভিযোগ দাখিলের পর প্রমাণিত হলে সরকারের পক্ষ থেকে যে সকল সুযোগ-সুবিধা উনি পেয়েছেন, এগুলা উদ্ধারের লক্ষ্যে প্রয়োজনীয় কী পদক্ষেপ গ্রহণ করবেন, পাশাপাশি ভুয়া মুক্তিযোদ্ধাদের সন্তান-সন্ততি, নাতি-পুতি যারা সেই সুযোগ গ্রহণ করে চাকরি গ্রহণ করেছেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য কোনো তদন্ত কমিটি হয়েছে কিনা এবং হয়ে থাকলে কী অবস্থায় আছে সেটি একটু জানতে চাচ্ছি।„ পরে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান এই প্রশ্নের উত্তর দেন। মি. খান জানান, গত ১৮ বছরে মুক্তিযুদ্ধের সার্টিফিকেট নিয়ে ফ্যাসিবাদের আমলে চাকরি নেওয়া হতো। এই ধরনের অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়ার কথা জানান তিনি। "আমাদের এই দেশপ্রেমিক নির্বাচিত সরকার আসার পর সকল মন্ত্রণালয়ে, সকল অধিদপ্তর, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সকল জায়গায় আমরা চিঠি দিয়েছি, কে কে মুক্তিযুদ্ধের সার্টিফিকেট নিয়ে চাকরি নিয়েছে এবং কাদের কাদের সন্তানেরা মুক্তিযুদ্ধের সার্টিফিকেট নিয়ে চাকরি নিয়েছে। এই চিঠির জবাব আসতে শুরু করেছে,„ বলেন মি. খান। এই চিঠির জবাব আসার পর যাচাই-বাছাই সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান।(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## থার্ড টার্মিনাল নির্মাণে ঠিকাদারকে দুর্নীতির সুযোগ দিচ্ছে কিনা সরকার প্রশ্ন হান্নান মাসউদের

শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের থার্ড টার্মিনালের নয়শো দুই কোটি টাকা ব্যয় বৃদ্ধির উদ্যোগ নিয়ে সরকার ঠিকাদারকে আরেকবার দুর্নীতি করার সুযোগ করে দিচ্ছে কীনা জাতীয় সংসদে এমন প্রশ্ন তোলেন নোয়াখালী-৬ আসনের সংসদ সদস্য আবদুল হান্নান মাসউদ। রোববার সংসদে বিমানমন্ত্রী এম রাশিদুজ্জামান মিল্লাতের উদ্দেশ্যে এই প্রশ্ন করেন তিনি। এর উত্তরে বিমানমন্ত্রী বলেন, "থার্ড টার্মিনাল তৈরি করার সময়ে তিনবার এটা সংশোধনী আনা হয়েছে। ১৩ হাজার কোটি টাকা ঠিকই বলেছেন তিনি। তারপরে সংশোধিত ব্যয় পাঁচশো কোটি টাকা বাড়ানো হয়েছে। তারপর ৬০০ কোটি টাকা বাড়িয়ে ২১ হাজার ৬০০ কোটি টাকাতে সমাপ্ত করা হয়েছিল।„ কিন্তু বর্তমান সরকার ক্ষমতায় আসার পরে দেখে একটি ভবন করা এবং মেশিন আনা ছাড়া অন্যান্য কাজকর্ম এগোয়নি তৎকালীন সরকার। "এই দুই পয়েন্ট ওয়ান বিলিয়ন ডলারের সম্পত্তি নষ্ট হয়ে যাচ্ছিল। এটাকে শুরু করার জন্য, যত তাড়াতাড়ি শুরু করা যাবে মাননীয় স্পিকার তত তাড়াতাড়ি উপার্জন করা যাবে। আগের বকেয়াসহ স্বচ্ছতার ভিত্তিতে হিসাব করে ৯০২ কোটি টাকা হিসাব করা হয়েছে যে, এই ৯০২ কোটি টাকা পেমেন্ট করলে তারপরে থার্ড টার্মিনালটা চালু করবো।„
(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## যাত্রীবাহী নৌকা ডুবে উত্তর সাইপ্রাসের কাছে সাতজনের মৃত্যু

উত্তর সাইপ্রাসের কাছে একটি যাত্রীবাহী নৌকা ডুবে যাওয়ার ঘটনায় সাতজনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছেন স্বঘোষিত টার্কিস রিপাবলিক অফ নর্দার্ন সাইপ্রাসের প্রধানমন্ত্রী উনাল উস্তেল। সামাজিক যোগাযোগ মাধ্যমে সবশেষ এক আপডেটে প্রধানমন্ত্রী জানিয়েছেন, নিখোঁজ ২৩ জনকে উদ্ধারে বর্তমানে তল্লাশি ও উদ্ধার অভিযান চলছে।

প্রধানমন্ত্রী জানান, নৌকাটিতে আটজন নাবিকসহ মোট ২৬৭ জন যাত্রী ছিলেন, যাদের মধ্যে ২৩৭ জনকে উদ্ধার করা হয়েছে। তুরস্কের স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, কিরেনিয়া বন্দর থেকে চার নটিক্যাল মাইল দূরে নৌকাটিতে পানি ঢুকতে শুরু করে এবং এটি ডুবে যাওয়ার ঝুঁকিতে পড়ে। মেরিন ট্রাফিকের তথ্য অনুযায়ী, রোববার স্থানীয় সময় বেলা ১১টা ৫৮ মিনিটে নৌকাটি উত্তর সাইপ্রাসের বন্দর ছেড়ে চলে যায়। উদ্ধারকৃতদের লাইফ জ্যাকেট পরা অবস্থায় অন্য একটি নৌকায় করে বন্দরে পৌঁছাতে দেখা গেছে। তবে নৌকায় থাকা ব্যক্তিদের জাতীয়তা এবং আহতদের আঘাত কতখানি গুরুতর, সে বিষয়ে এখনো কিছু জানা যায়নি।(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## সীমান্ত অঞ্চলে এখনও শত শত বিদেশি নাগরিক নিখোঁজ রয়েছেন

বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে পর্যটকরা নেপালে আসেন। আকস্মিক বন্যায় শত শত পর্যটক নিখোঁজ রয়েছেন। এর মধ্যে সবচেয়ে বেশি ভারতীয় নাগরিক। বিভিন্ন দেশের দেওয়া তথ্য অনুযায়ী নিখোঁজের তালিকা-

ভারত : দিল্লির পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, অন্তত ৩২০ জন ভারতীয় নিখোঁজ। চীন : চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, প্রায় ১০০ জন চীনা নাগরিক নিখোঁজ রয়েছেন। যুক্তরাষ্ট্র : ৯০ জন মার্কিন নাগরিক নিখোঁজের তথ্য জানিয়েছে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়। ইউক্রেন : নেপাল পুলিশের তথ্য অনুযায়ী ৬২ জন ইউক্রেনীয় নাগরিক বন্যার পর থেকে নিখোঁজ রয়েছেন। মালয়েশিয়া : ফিশটেইল ট্যুরস অ্যান্ড ট্রাভেলস নামক একটি কোম্পানির সাথে ভ্রমণরত ৫১ জন মালয়েশীয় নাগরিক নিখোঁজ রয়েছে কর্মকর্তারা জানিয়েছে। অস্ট্রেলিয়া : ৪১ জন অস্ট্রেলিয় নাগরিকের খোঁজ এখনো মেলেনি বলে জানিয়েছেন অস্ট্রেলিয়ার এসিসটেন্ট ইমিগ্রেশন মিনিস্টার। যুক্তরাজ্য : নেপাল পুলিশের তথ্য অনুযায়ী, ৩৩ জন ব্রিটিশ নাগরিক এখনো নিখোঁজ। এছাড়া চীনের রাষ্ট্রীয় গণমাধ্যম সিসিটিভির প্রতিবেদন অনুযায়ী, তিব্বতে ১৫ জন ব্রিটিশ নাগরিক নিখোঁজ রয়েছেন বলে জানানো হয়েছে, যার মধ্যে নেপালের তালিকায় কতজন অন্তর্ভুক্ত, সেটি স্পষ্ট নয়। কানাডা : কানাডার পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ৩০ কানাডিয়ান নাগরিক নিখোঁজ রয়েছেন। এছাড়াও দক্ষিণ কোরিয়া, দক্ষিণ আফ্রিকা, পর্তুগাল, নেদারল্যান্ডস এবং নিউজিল্যান্ডের কিছু পর্যটকও নিখোঁজদের তালিকায় রয়েছেন।(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## সুড়ঙ্গে আটকে থাকা শ্রমিকদের জন্য বাইরে থেকে বাতাস দেওয়া হচ্ছে

ত্রিশুলি-থ্রি এ জলবিদ্যুৎ প্রকল্পের সুড়ঙ্গে আটকে পড়া শ্রমিকদের কাছে পৌঁছাতে উদ্ধারকর্মীরা সুড়ঙ্গের উপরের অংশে একটি ছোটো ছিদ্র করে ভেতরে পাম্প করে বাতাস ভরছেন। এই সুড়ঙ্গ এলাকায় উদ্ধার অভিযানে সহায়তার জন্য নেপালি সেনাবাহিনী হেলিকপ্টার দিয়ে ভারী যন্ত্রপাতি বা সরঞ্জাম নিয়ে যাচ্ছেন- এমন একটি ভিডিও তারা এক্সে প্রকাশ করেছে। ভিডিওতে লম্বা দড়ির নিচে ভারী যন্ত্রাংশ ঝুলিয়ে নিতে দেখা গেছে। এছাড়া সেনাবাহিনীর প্রকাশিত অন্য একটি ভিডিওতে শ্রমিকদের ত্রিশুলি-থ্রিএ সুড়ঙ্গের আশেপাশের ধ্বংসাবশেষ ও জঞ্জাল পরিষ্কার করতে দেখা গেছে। নেপালের স্বরাষ্ট্রমন্ত্রী সুদান গুরুং শনিবার ফেসবুকে জানান, উদ্ধারকর্মীরা সুড়ঙ্গের ”ক্রাউন বা শীর্ষভাগে„ পৌঁছেছেন। তিনি জানান, ”তারা এখন খনন কাজ শুরু করে ভেতরে উদ্ধারকারী দল পাঠাবেন।„ অন্যদিকে, জ্বালানিমন্ত্রী বিরাজ ভক্ত শ্রেষ্ঠ জানিয়েছেন, এখনও আটকে থাকা শ্রমিকদের সঙ্গে যোগাযোগ করা যায়নি। তবে এই উদ্ধার কার্যক্রমকে জটিল করে তুলেছে বৃষ্টি এবং এই কারণে ”পানির প্রবাহ বেড়ে যাওয়ায়„ অভিযান সাময়িকভাবে স্থগিত রাখার আশঙ্কা করছেন তিনি। এই সুড়ঙ্গ অভিযানে সহায়তার জন্য ভারত ও চীন উভয় দেশ থেকেই বিশেষজ্ঞ দল পাঠানো হয়েছে। নেপালের দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, নিখোঁজ দুই হাজার পাঁচশো দুইজনের মধ্যে একটি বড়ো অংশই দেশের বিভিন্ন জলবিদ্যুৎ প্রকল্পের শ্রমিক। নিখোঁজ এক শ্রমিকের ছোটো ভাই রয়টার্সকে জানান, তিনি গত কয়েকদিন ধরে না ঘুমিয়ে ভাইকে খুঁজে বেড়াচ্ছেন। তিনি আরো বলেন, ”আমি বিশ্বাস করি, আমার পরিবারের মতো আরো অনেক পরিবার চরম দুশ্চিন্তার মধ্যে দিন কাটাচ্ছে।„ (বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## ধ্বংসস্তূপ থেকে নাটকীয় উদ্ধারের পর বাবা-মায়ের সঙ্গে পুনর্মিলন পাঁচ বছরের শিশুর

নেপালে ভয়াবহ আকস্মিক বন্যার দুই দিন পর শুক্রবার উদ্ধার হওয়া এক শিশুকন্যা হাসপাতালে তার বাবা-মায়ের সঙ্গে পুনর্মিলিত হয়েছে। কাঠমান্ডুর টিচিং হাসপাতালের এক কর্মকর্তা বিবিসিকে জানিয়েছেন, পাঁচ বছর বয়সি মানিশার অবস্থা এখন স্থিতিশীল। রাসুয়া জেলার সিয়াব্রুবেসির কাছে উদ্ধারকর্মীরা জীবিত কাউকে খুঁজছিলেন। এ সময় তারা মনে করেন, ধ্বংসস্তূপের নিচে আটকে থাকা একটি বিড়ালের শব্দ শুনতে পেয়েছেন। নেপালের আর্মড পুলিশ ফোর্সের পুলিশ কর্মকর্তা সঞ্জু খাত্রি জানান, দলগুলো এলাকায় তল্লাশি চালায় এবং ধ্বংসাবশেষ সরানো শুরু করে। তখনই তারা মানিশাকে খুঁজে পান, যিনি ধ্বংসস্তূপের নিচে আটকা পড়ে ছিলেন। তাকে উদ্ধার করতে প্রায় দুই ঘণ্টা সময় লাগে। একটি ভিডিওতে ধ্বংসস্তূপের ভেতর থেকে তাকে জীবিত উদ্ধার করার মুহূর্ত দেখা যায়। কর্মকর্তা জানান, শিশুটি জীবিত ছিল, তবে খুব সামান্য নড়াচড়া করছিল। উদ্ধারকারী দল একটি হেলিকপ্টার চেয়েছিল, কিন্তু প্রতিকূল আবহাওয়ার কারণে তাকে সেখান থেকে সরিয়ে নেওয়া সম্ভব হয়নি। এরপর দলগুলো তাকে বাহিনীর উদ্ধার শিবিরে নিয়ে যায় এবং পানি দেয়। কিছুক্ষণ পর মানিশার জ্ঞান ফিরে আসে এবং তাকে চেতনা ফিরিয়ে আনতে সেদ্ধ ভাতের মাড় খাওয়ানো শুরু হয়। শিশুটি মানসিকভাবে আঘাতপ্রাপ্ত ছিল। তবে শনিবার বিকেলে তাকে হেলিকপ্টারে করে

কাঠমান্ডুর টিচিং হাসপাতালের শিশু জরুরি বিভাগে নেওয়া হয়। রোববার হাসপাতাল থেকে জানানো হয়েছে, মানিশা সুস্থ হয়ে উঠছেন।(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### বিএসএফের গুলিতে সীমান্তে বাংলাদেশি যুবক নিহত

বাংলাদেশের হবিগঞ্জের চুনারুঘাটে চিমটিবিল সীমান্তে বিএসএফের গুলিতে সোহাগ মিয়া (২০) নামে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। তিনি ওই এলাকার শফিক মিয়ার ছেলে বলে জানা গেছে। তার চাচা আব্দুল কাদির জানান, প্রতিদিনের মতো সকালে সীমান্ত এলাকায় গরু আনতে গেলে বিএসএফ অতর্কিতভাবে তার ওপর গুলি চালায়। একপর্যায়ে তাকে খুঁজে না পেয়ে পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করেন। পরে সীমান্ত এলাকায় তাকে পড়ে থাকতে দেখে তার চাচা আব্দুল কাদিরসহ কয়েকজন তাকে উদ্ধার করে চুনারুঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক সিরাজাম মুনিরা তাকে মৃত ঘোষণা করেন। পুলিশ লাশের সুরতহাল প্রতিবেদন তৈরি করে মর্গে পাঠিয়েছেন। (রেডিও তেহরান ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ নারগীস)

### হরমুজ প্রণালি সমঝোতা বাস্তবায়ন যুক্তরাষ্ট্রের প্রতিশ্রুতি পালনের ওপর নির্ভরশীল : গারিবাবাদি

ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলের ব্যবস্থা নিয়ে ইরান ও ওমানের মধ্যে যে সমঝোতা হয়েছে, তা স্বয়ংক্রিয়ভাবে কার্যকর হবে না। কাজেম গারিবাবাদি বলেন, এই সমঝোতা বাস্তবায়ন নির্ভর করবে অপর পক্ষের-বিশেষ করে যুক্তরাষ্ট্রের-প্রতিশ্রুতি পূরণের ওপর। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের আইন ও আন্তর্জাতিক বিষয়ক উপমন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রের ওপর আরোপিত শর্ত ও প্রতিশ্রুতিগুলো বাস্তবায়িত হলেই ইরানও হরমুজ প্রণালি নিয়ে নিজস্ব পদক্ষেপ নিতে প্রস্তুত থাকবে। তারা কোনো পদক্ষেপ না নিলে হরমুজ প্রণালি খুলে দেওয়ার ক্ষেত্রে ইরানেরও কোনো তাড়াহুড়ো নেই। বরং দেশ রক্ষা এবং শত্রুদের মোকাবিলায় ইরান তার কার্যক্রম চালিয়ে যাবে। তিনি বলেন, ইরান সবসময় যে-কোনো পরিস্থিতির জন্য প্রস্তুত। নতুন মার্কিন নিষেধাজ্ঞা প্রসঙ্গে গারিবাবাদি বলেন, শত্রুদের, বিশেষ করে যুক্তরাষ্ট্রের নতুন নিষেধাজ্ঞার প্যাকেজে নেওয়া সাম্প্রতিক পদক্ষেপ কোনো নতুন বিষয় নয়। এ পরিস্থিতির জন্যও ইরান সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্র যদি কূটনীতির টেবিলে ফিরে আসতে চায়, তাহলে তাদের জানা উচিত যে ইসলামাবাদ সমঝোতা ইরান লঙ্ঘন করেনি। বরং গত ১৬ মাসে তৃতীয়বারের মতো যুক্তরাষ্ট্রই কূটনীতি ও আলোচনার টেবিলের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। হরমুজ প্রণালি দিয়ে কিছু জাহাজ অবাধে চলাচল করছে- এমন দাবিও অস্বীকার করেন গারিবাবাদি। তিনি বলেন, হরমুজ প্রণালি সম্পূর্ণ বন্ধ রয়েছে। কোনো জাহাজ এই পথ দিয়ে চলাচল করলে তা অবশ্যই ইরানের সঙ্গে সমন্বয় ও অনুমোদনের মাধ্যমে হচ্ছে। তিনি আরও জানান, ইরানের সশস্ত্র বাহিনী হরমুজ প্রণালির যে-কোনো তৎপরতার ওপর পূর্ণ নজরদারি রাখছে এবং তাদের দায়িত্ব সর্বোত্তমভাবে পালন করছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : ৩০.০৮.২০২৬ নারগীস)

## এনএইচকে

### জলবায়ু পরিবর্তনের কারণে আরও হিমবাহ গলবে বাড়বে দুর্যোগ : বিশেষজ্ঞ

একজন গবেষক এমন উদ্বেগ প্রকাশ করেছেন যে , বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ফলে আরও হিমবাহ গলে যাবে এবং দুর্যোগ বাড়বে। কাঠমান্ডু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রিজন ভক্ত কায়স্থ হিমবিদ্যা ও জলবায়ু পরিবর্তন নিয়ে গবেষণা করছেন। বুধবার নেপাল ও চীনের সীমান্তবর্তী অঞ্চলে ভয়াবহ আকস্মিক বন্যার পর তিনি শনিবার এনএইচকে -কে একটি সাক্ষাৎকার দেন। অধ্যাপক বলেন, বৈশ্বিক উষ্ণায়নের কার ণে হিমালয় অঞ্চলে বরফ ও হিমবাহ গলে যাওয়ার মতো পরিবর্তন ঘটছে, যা বন্যা ও অন্যান্য দুর্যোগের ঝুঁকি বাড়িয়ে তুলছে।
(এনএইচকে ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### `ছয় মাসে দুই লাখ বাংলাদেশি কর্মী নেবে মালয়েশিয়া,

আগামী ছয় মাসের মধ্যে অন্তত দুই লাখ বাংলাদেশি কর্মী নেবে মালয়েশিয়া। বাংলাদেশের বিভিন্ন এজেন্সির মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া পরিচালিত হবে বলে জানিয়েছেন দেশটির স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ থেকে কর্মী নেওয়ার বিষয়ে আলোচনা অনেক দূর এগিয়ে গেছে। প্রায় দুই লাখ কর্মী তারা নেবে। এর মধ্যে ১০ হাজার কর্মী তারা বিনা খরচে নেবে। বাংলাদেশ থেকে যে জনশক্তি রপ্তানি হবে, সেটি সেপ্টেম্বরের শেষ দিকে শুরু হবে এবং পরবর্তী ছয় মাসের মধ্যে প্রক্রিয়াটি শেষ হবে। রোববার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ান হাইকমিশনার মোহাম্মদ শুহদা বিন ওসমান স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী আবদুল মঈন খানের সঙ্গে বৈঠক করেন। এ সময় উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম ও সচিব মো. শহিদুল হাসান। পরে বৈঠকের বিস্তারিত তুলে ধরেন প্রতিমন্ত্রী। তিনি বলেন , বাংলাদেশের রেজিস্টার্ড শ্রমিক

মালয়েশিয়াতে রয়েছে প্রায় আট লাখের মতো। আনরেজিস্টার্ড কিছু আছেন। তারা যেন রেজিস্টার্ড হন , এ নিয়ে আমাদের মন্ত্রী অনুরোধ জানিয়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রনি)

## জাগো নিউজ

### স্বাধীন বাংলাদেশে আর কোনো আয়নাঘর থাকবে না: রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন , এই স্বাধীন বাংলাদেশে আর কোনো আয়নাঘর থাকবে না। রোববার (৩০ আগস্ট) বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রপতি একথা বলেন। গুম প্রতিরোধ দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, কোনো মাকে সন্তানের জন্য কিংবা কোনো স্ত্রীকে স্বামীর জন্য চোখের পানি ফেলতে হবে না। প্রতিটি গুমের ঘটনার সঙ্গে জড়িত অপরাধী সে যত বড়ো ক্ষমতাবানই হোক না কেন, তাকে বিচারের মুখোমুখি করা হবে। আইনের সর্বোচ্চ শাস্তি তাদের পেতেই হবে। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী , আইনমন্ত্রী এবং প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। অনুষ্ঠানে সংসদ সদস্য, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, গুম সংক্রান্ত তদন্ত কমিশনের চেয়ারম্যান ও সদস্য , গুমের শিকার ব্যক্তি ও তাদের পরিবারের সদস্য , সাংবাদিক এবং গণমাধ্যমের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। রাষ্ট্রপতি বলেন , ৩০ আগস্ট এমন একটি দিন, যা বাংলাদেশসহ সারা বিশ্বে জোরপূর্বক গুমের শিকার মানুষদের স্ম রণ করার পাশাপাশি তাদের স্বজনদের দীর্ঘ অপেক্ষা , বেদনা ও অনিশ্চয়তার কথা মনে করিয়ে দেয়। দিনের পর দিন , বছরের পর বছর সন্তান ও স্বজনের ফিরে আসার অপেক্ষায় থাকা মা -বাবা, ভাই-বোন এবং প্রিয়জনদের কথা স্মরণ করে তিনি গভীর সমবেদনা ও আন্তরিক সহমর্মিতা জানান। গুমকে সাধারণ অপরাধ নয়, মানবতাবিরোধী অপরাধ হিসেবে উল্লেখ করেন রাষ্ট্রপতি। তিনি বলেন , গুম শুধু একজন মানুষকে কেড়ে নেয় না , কেড়ে নেয় প্রিয়জনদের হাসি , শান্তি, স্বপ্ন এবং অর্থনৈতিক-সামাজিক স্থিতি। এটি একটি জঘন্য মানবাধিকার লঙ্ঘন। সংবিধান প্রত্যেক নাগরিকের জীবন , ব্যক্তি স্বাধীনতা, আইনের সুরক্ষা ও মানবিক মর্যাদার নিশ্চয়তা দিয়েছে। কিন্তু গুমের মাধ্যমে কার্যত এসব অধিকার একসঙ্গে লঙ্ঘন করা হয়।

**দেড় দশকের `আয়নাঘর, প্রসঙ্গে যা বললেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি বলেন, বিগত দেড় দশকে ফ্যাসিবাদী সরকারের আমলে গুম ও গোপন বন্দিশালা `আয়নাঘর,-এর দুঃসহ থাবা বাংলাদেশের বুকে চেপে বসেছিল। অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ , ভিন্নমত প্রকাশ কিংবা গণতান্ত্রিক অধিকার আদায়ের জন্য আন্দোলন করলেই অনেককে তুলে নিয়ে যাওয়া , গুম করা এবং গোপনে হত্যা করা হয়েছে। তার ভাষ্য , ফ্যাসিস্টের আজ্ঞাবহ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো এসব গুরুতর অপরাধ সবসময় অস্বীকার করে গেছে। বিএনপি নেতা ইলিয়াস আলী, ওয়ার্ড কমিশনার চৌধুরী আলম এবং একটি ওয়ার্ডের সাধারণ সম্পাদক সাজেদুল ইসলাম সুমনসহ অসংখ্য মানুষের কথা স্মরণ করেন রাষ্ট্রপতি। তাদের পরিবারের প্রতিটি রাত বুকভরা বে দনা, অনিশ্চয়তা ও অপেক্ষার মধ্যদিয়ে কেটেছে বলে উল্লেখ করেন তিনি। আইনজীবী ব্যারিস্টার আরমান , অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল আজমীসহ ভিন্ন মতাবলম্বী, কর্মকর্তা, লেখক, সাংবাদিক, সমাজকর্মী, এমনকি গৃহবধূ ও সাধারণ নাগরিকদের বছরের পর বছর অন্ধকার, দমবন্ধ, আলো-বাতাসহীন `আয়নাঘরে, আটকে রাখা হয়েছিল বলেও উল্লেখ করেন রাষ্ট্রপতি। তিনি বলেন, মঞ্চে উপবিষ্ট স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদকেও গুম করে বিদেশে ফেলে আসা হয়েছিল। তাদের মধ্যে কেউ কেউ সৌভাগ্যক্রমে সমাজের মাঝে ফিরে এসেছেন। তবে দেশে আজও এমন বহু মানুষ আছেন , যারা এখনো ফিরে আসেননি।

**`প্রতিশোধ নয়, প্রতিকারের ব্যবস্থা নিতে হবে,**

রাষ্ট্রপতি বলেন , ১৯৭১ সালে গণতন্ত্র , সাম্য, বাক্‌স্বাধীনতা, মানবিক মর্যাদা ও ন্যায়ভিত্তিক রাষ্ট্র গঠনের জন্য বীর মুক্তিযোদ্ধারা রক্ত দিয়ে দেশ স্বাধীন করেছিলেন। অথচ সেই স্বাধীন দেশেই গুম -খুনের সংস্কৃতি প্রতিষ্ঠার মাধ্যমে চূড়ান্ত অন্যায় ও ত্রা সের রাজত্ব কায়েম করা হয়েছিল। এর মাধ্যমে একটি ভয়ানক ও ভীতিকর পরিবেশ তৈরি করা হয়েছিল। জাতীয় ইতিহাসে এটি অত্যন্ত বেদনাদায়ক ও অপমানজনক অধ্যায়। সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে রাষ্ট্রপতি বলেন, ফ্যাসিবাদী সরকারের গুম-খুনের বিরুদ্ধে তিনি সবসময় সোচ্চার ছিলেন। তিনি বিশ্বাস করতেন, একদিন গুম, খুন, অত্যাচার ও নির্যাতনের বিচার বাংলাদেশের মাটিতেই হবে। বিএনপি, জামায়াতে ইসলামীসহ ফ্যাসিবাদবিরোধী সব রাজনৈতিক দল , সামাজিক শক্তি, গণমাধ্যম, সুশীল সমাজ ও সর্বস্তরের জনগণকেও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন রাষ্ট্রপতি। তাদের অনেকেই গুম -খুনের শিকার হয়েছেন বলে উল্লেখ করেন তিনি। রাষ্ট্রপতি বলেন , নিরস্ত্র ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মুখে সেই ফ্যাসিবাদ দেশ থেকে পালাতে বাধ্য হয়েছে। এখন প্রতিশোধ নয়, প্রতিকারের ব্যবস্থা নিতে হবে। প্রকৃত অপরাধীদের আইনানুগ শাস্তির আওতায় আনতে হবে।

**তদন্ত কমিশনের প্রতিবেদনে ১ হাজার ৫৬৯ গুমের ঘটনা**

গুম-সংক্রান্ত তদন্ত কমিশনের চূড়ান্ত প্রতিবেদনের তথ্য তুলে ধরে রাষ্ট্রপতি বলেন , কমিশন ১ হাজার ৫৬৯টি ঘটনাকে সুনির্দিষ্টভাবে গুম হিসেবে চিহ্নিত করেছে। এর মধ্যে ২৮৭ জন নিখোঁজ ও মৃত। নির্বাচনের আগে গুমের ঘটনা বেড়ে যাওয়া এবং বেছে বেছে রাজনৈতিক প্রতিপক্ষের নেতাকর্মীদের জোরপূর্বক গুম ও গোপনে হত্যার যে চিত্র প্রতিবেদনে উঠে এসেছে, তা রাষ্ট্রক্ষমতা আঁকড়ে রাখতেই দলীয় ও ব্যক্তি স্বার্থে এসব বর্বর , পৈশাচিক ও ঘৃণ্য কাজ বেশি করা হয়েছিল এমন বিষয় স্পষ্টভাবে প্রমাণ করে বলে মন্তব্য করেন রাষ্ট্রপতি। তবে তদন্ত কমিশনের প্রতিবেদন একটি গুরুত্বপূর্ণ ভিত্তি তৈরি করলেও পথ এখনো অনেক দীর্ঘ বলে উল্লেখ করেন তিনি।

**গুম প্রতিরোধ ও প্রতিকারের নতুন উদ্যোগ**

এবারের আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবসের প্রতিপাদ্য 'ভুক্তভোগী আগে, এখনই পদক্ষেপ, উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, গুমের শিকার ব্যক্তি ও পরিবারকে রক্ষা এবং গুমকে চিরতরে নিষিদ্ধ করতে 'গুম প্রতিরোধ ও প্রতিকার বিল, ২০২৬, জাতীয় সংসদে উত্থাপিত হয়েছে। তিনি বলেন, বাংলাদেশ আন্তর্জাতিক গুম প্রতিরোধ সনদে স্বাক্ষর করেছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মাধ্যমে গুম ও গণহত্যার বিচারের কাজ স্বচ্ছ ও আন্তর্জাতিক মানদণ্ড বজায় রেখে এগিয়ে চলছে।

**'শুধু অপরাধীদের শাস্তি দিলেই রাষ্ট্রের দায়িত্ব শেষ হবে না**

গুমের শিকার পরিবারগুলোর পাশে দাঁড়ানোর ওপরও গুরুত্ব দেন রাষ্ট্রপতি। তিনি বলেন, শুধু অপরাধীদের শাস্তি দিলেই রাষ্ট্রের দায়িত্ব শেষ হবে না। বছরের পর বছর প্রিয়জনের অপেক্ষায় সীমাহীন অনিশ্চয়তা , আর্থিক সংকট ও মানসিক যন্ত্রণা বহন করা পরিবারগুলোর মর্যাদা, সামাজিক নিরাপত্তা, চিকিৎসা, শিক্ষা, জীবিকা ও পুনর্বাসনের দায়িত্বও রাষ্ট্রকে গ্রহণ করতে হবে।

**'রাজনৈতিক মতপার্থক্য থাকবে, প্রতিহিংসা থাকবে না,**

রাষ্ট্রপতি বলেন, তারা এমন একটি বাংলাদেশ চান , যেখানে রাজনৈতিক মতপার্থক্য থাকবে , কিন্তু রাজনৈতিক প্রতিহিংসা থাকবে না। মতপ্রকাশের স্বাধীনতা থাকবে , কিন্তু ভয়ের সংস্কৃতি থাকবে না। আইনশৃঙ্খলা থাকবে , কিন্তু আইনের নামে মানবাধিকার ও সুবিচার লঙ্ঘনের সুযোগ থাকবে না। রাষ্ট্রের ক্ষমতা থাকবে , কিন্তু সেই ক্ষমতার ওপর সংবিধান ও আইনের নিয়ন্ত্রণ থাকবে। রাষ্ট্রপতির মতে , একটি দেশের উন্নয়ন ও সাফল্য শুধু অর্থনৈতিক প্রবৃদ্ধি দিয়ে পরিমাপ করা যায় না। রাষ্ট্র কতটা গণতান্ত্রিক ও কল্যাণমুখী , কতটা ন্যায়ভিত্তিক ও মানবিক এবং নাগরিকেরা কতটা নিরাপদ ও মর্যাদাপূর্ণ জীবনযাপন করেন তা রাষ্ট্রের প্রকৃত উন্নয়ন ও সাফল্যের চিত্র তুলে ধরে। এমন একটি নতুন বাংলাদেশ গড়ে তুলতেই তারা প্রতিশ্রুতিবদ্ধ।

গুমের শিকার পরিবারগুলোর পাশে আন্তরিকভাবে দাঁড়ানো রাষ্ট্রের আরেকটি পবিত্র দায়িত্ব উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, এ বিষয়ে সরকার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে বলে তিনি বিশ্বাস করেন। তিনি এমন একটি বাংলাদেশ প্রতিষ্ঠায় সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান, যেখানে গণতন্ত্র, মানবাধিকার, সাম্য ও মর্যাদা হবে রাষ্ট্রের ভিত্তি ; সুশাসন হবে রাষ্ট্র পরিচালনার মূলনীতি ; জবাবদিহিতা ও বাক্ স্বাধীনতা হবে গণতন্ত্রের শক্তি এবং ইনসাফ হবে প্রতিটি নাগরিকের অধিকার। গুম ও বিচারহীনতার অন্ধকার পেরিয়ে বাংলাদেশ সত্য , ন্যায় ও মানবিকতার আলোকিত পথে এগিয়ে যাবে এই প্রত্যাশা ব্যক্ত করে গুমের শিকার ব্যক্তি ও তাদের স্বজন দের প্রতি গভীর শ্রদ্ধা , সমবেদনা ও সহমর্মিতা জানান রাষ্ট্রপতি।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## ৬ মাসে মালয়েশিয়ায় ২ লাখ কর্মী পাঠাবে বাংলাদেশ, সেপ্টেম্বর থেকে শুরু

মালয়েশিয়ায় বাংলাদেশ থেকে দুই লাখ কর্মী পাঠানোর প্রক্রিয়া আগামী সেপ্টেম্বরের শেষ নাগাদ পর্যায়ক্রমে শুরু হবে। আগামী ছয় মাসের মধ্যে কর্মী পাঠানোর প্রক্রিয়া সম্পন্ন হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। রোববার (৩০ আগস্ট) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ সুহাদা ওসমান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আবদুল মঈন খানের সঙ্গে বৈঠক করেন। বৈঠক শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান প্রতিমন্ত্রী। প্রতিমন্ত্রী বলেন, "বাংলাদেশ থেকে যে জনশক্তি রপ্তানি হবে, সেটি সেপ্টেম্বরের শেষ নাগাদ থেকে এটি পর্যায়ক্রমে শুরু হবে এবং আগামী ৬ মাসের মধ্যে এটি সমাপ্ত হবে বলে উনি (রাষ্ট্রদূত) জানিয়েছেন।„ (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## বর্ষায় রাস্তা টেকাতে ২০ শতাংশ সড়কে ব্যবহার হবে রাবারাইজড বিটুমিন

বর্ষাকালে বৃষ্টির কারণে সড়ক নষ্ট হওয়া ঠেকাতে পর্যায়ক্রমে দেশের ২০ শতাংশ সড়কে রাবারাইজড বিটুমিন বা পলিমার মডিফাইড বিটুমিন ব্যবহারের উদ্যোগ নেওয়া হচ্ছে। এ প্রযুক্তি ব্যবহারে বাংলাদেশকে কারিগরি সহায়তা দেবে মালয়েশিয়া। রোববার (৩০ আগস্ট) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ সুহাদা ওসমান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আবদুল মঈন খানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠক শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। প্রতিমন্ত্রী বলেন, রাবারাইজড বিটুমিন সাধারণত সড়কের কার্পেটিংয়ের কাজে ব্যবহার করা হয়। মালয়েশিয়ায় প্রচুর বৃষ্টিপাত

হলেও তাদের কার্পেটিং করা সড়ক সহজে নষ্ট হয় না। কারণ , তারা বিটুমিনের সঙ্গে রাবার ব্যবহার করে। তিনি বলেন, বাংলাদেশে বর্ষাকালে বৃষ্টির কারণে সড়ক নষ্ট হওয়ার প্রবণতা রয়েছে। তাই পর্যায়ক্রমে দেশের ২০ শতাংশ সড়কে রাবারাইজড বিটুমিন ব্যবহারের পরিকল্পনা নেওয়া হয়েছে। এরই ম ধ্যে বাংলাদেশ সরকারও সিদ্ধান্ত নিয়েছে যে, পর্যায়ক্রমে রেইনি সিজনে যাতে রাস্তাগুলো বৃষ্টির সময় নষ্ট হয়ে না যায় , এ কারণে কমপক্ষে আমরা পর্যায়ক্রমে শুরু করবো। প্রযুক্তিটা আমাদের কাছে অ্যাভেলেবল না হওয়ায় মালয়েশিয়া আমাদের কারিগরি সহায়তা দেবে।
রাবারাইজড বিটুমিন ব্য বহারের প্রযুক্তি দেশে নতুন নয় জানিয়ে মীর শাহে আলম বলেন , ”প্রধানমন্ত্রী তারেক রহমান ২০০৫ সালে যখন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ছিলেন , তখন বগুড়া সদরে প্রধানমন্ত্রীর নির্বাচনি এলাকায় আমরা মালয়েশিয়া থেকে এই পলিমার মডিফাইড বিটুমিন , অর্থাৎ রাবারাইজড বিটুমিন নি য়ে এসে দুই কিলোমিটার রাস্তা পাইলটিং করেছিলাম।„ ওই সময় বর্তমান স্থানীয় সরকার বিভাগের সচিব শহীদুল হাসান এলজিইডির প্রধান প্রকৌশলী ছিলেন। পরীক্ষামূলকভাবে নির্মাণ করা ওই সড়ক এখনো ভালো আছে বলে জানান প্রতিমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## ব্যাগ ছিনতাইকালে শিক্ষিকা হত্যা, মূল সন্দেহভাজন `প্যারা পনি, গ্রেফতার

জাতীয় সংসদ ভবনের সামনে ছিনতাইকালে সংঘটিত স্কুলশিক্ষিকা রনজিনা পারভীন হত্যা মামলার মূল সন্দিগ্ধ মো . পনি ওরফে প্যারা পনিকে সহযোগীসহ গ্রেফতার করেছে র্যাব ব। এসময় ছিনতাই কাজে ব্যবহৃত মোটরসাইকেলটিও জব্দ করে র্যারব-২। রোববার (৩০ আগস্ট) র্যা ব-২ অধিনায়ক অতিরিক্ত ডিআইজি নয়মুল হাসান এ তথ্য নিশ্চিত করেন। এ বিষয়ে বিকেল ৪টায় সংবাদ সম্মেলন করে বিস্তারিত জানানো হবে বলেও জানান তিনি। এর আগে , জাতীয় সংসদ ভবনের সামনে ছিনতাইকারীদের কবলে পড়েন রনজিনা পারভীন। তিনি ব গুড়ার গাবতলী উপজেলার বাগবাড়ি বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বলে জানা গেছে। শনিবার (২৯ আগস্ট) সকাল সাড়ে ৬টার দিকে সংসদ ভবনের দক্ষিণ প্লাজার সামনে এ ঘটনা ঘটে। ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) ইবনে মিজান এ তথ্য নিশ্চিত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## ডেঙ্গুতে এ পর্যন্ত ৯০ জনের মৃত্যু, পিরোজপুরে আক্রান্ত বেশি

চলতি বছরের জানুয়ারি থেকে শনিবার (২৯ আগস্ট) পর্যন্ত দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় প্রায় ৯০ জনের মৃত্যু হয়েছে। এ সময়ে ২ হাজার ২০০ থেকে ২ হাজার ৫০০ রোগী চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন। তবে গত বছরের তুলনায় এবার ডেঙ্গু রোগীর সংখ্যা প্রায় অর্ধেক বলে জানিয়েছেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। রোববার (৩০ আগস্ট) সচিবালয়ে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে গঠিত টাস্কফোর্সের সভা শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সভায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড . আবদুল মঈন খান। মীর শাহে আলম বলেন , ”অনেক অভিযোগ রয়েছে। আমাদেরও ব্যর্থতা , সফলতা রয়েছে। ব্যর্থতা অনেক , তবে সফলতা এইটুকু - যে গতবারের তু লনায় এবার ডেঙ্গু রোগীর পরিমাণ প্রায় অর্ধেক।„ তিনি বলেন, ”আমরা সচেতনতা বৃদ্ধির কাজ করেছি। মশা নিবারণের জন্য বিভিন্ন সিটি কর্পোরেশন থেকে ক্রাশ প্রোগ্রাম করা হয়েছে, পরিষ্কার-পরিচ্ছন্নতা প্রোগ্রাম করা হয়েছে। আপনার ফগার মেশিন দিয়ে স্প্রে করা হয়েছে। এই স্প্রে মেশিনের যে ঔষ ধ, এটা নিয়ে অনেক অভিযোগ রয়েছে। সে বিষয় নিয়েও আজকের মিটিংয়ে আলোচনা করেছেন মন্ত্রী।„ ডেঙ্গু প্রতিরোধে সাধারণ মানুষকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন , ”আমি আপনাদের মাধ্যমে ঢাকার নগরবাসীসহ সমগ্র দেশবাসীকে অনুরোধ করব যে , সরকার এটা নিয়ে চেষ্টা করছে। আমরা আমাদের লিফলেট বিতরণ, সচেতনতা বৃদ্ধির জন্য স্কুলে , কলেজে, বিভিন্ন জায়গায় আমরা আমাদের কাজ করছি। আপনাদের মাধ্যমে দেশবাসীকে শুধু অনুরোধ করব যে, তাদেরও নিজ নিজ জায়গা থেকে সচেতন হতে হবে।„
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## আওয়ামী লীগের রাজনৈতিক মৃত্যু হয়েছে ঢাকায়, দাফন দিল্লিতে : স্বরাষ্ট্রমন্ত্রী

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন , বিগত দিনে আমরা যারা গুম ছিলাম , প্রতি মুহূর্তে আ মাদের মৃত্যুর প্রহর গুনতে হয়েছে , অপেক্ষা করতে হয়েছে। এ সময়ে তাদের স্বজ নরা কীভাবে সময় কাটিয়েছে, সেটি তারা ছাড়া কেউ বুঝবেন না। তিনি বলেন, জুলাই গণ-অভ্যুত্থানে ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকার দুই হাজারের বেশি মানুষকে হত্যা করেছে। বহু মরদেহ গায়েব করেছে। আমরা মনে করি , এসব কর্মকাণ্ডের মাধ্যমে আওয়ামী লীগের রাজনৈতিক মৃত্যু হয়েছে ঢাকায় , আর দাফন হয়েছে দিল্লিতে। রোববার (৩০ আগস্ট) দুপুরে রাজধানীর চীন মৈত্রী আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপ লক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন সালাহউদ্দিন আহমদ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। গুমের শিকার হওয়া মানুষের পরিবারের সদস্যরাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। গুমের অভিজ্ঞতার কথা তুলে ধরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গুমের শিকার ইলিয়াস আলীর স্ত্রী ও সুমনের মায়ের মানসিক অবস্থা কেউ বুঝবেন না। তার নিজের

স্ত্রী-সন্তানদের কী অবস্থা হয়েছিল, সেটিও অন্য কেউ বোঝার কথা নয়। সালাহউদ্দিন আহমদ বলেন, আওয়ামী লীগের সময়ে বিভিন্ন সংস্থার তথ্য অনুযায়ী , ৭০৯ জন গুমের কথা বলা হয়েছে। এর মধ্যে ১৫৫ জন ফিরে এসেছেন। আর বিগত অন্তর্বর্তী সরকারের সময়ে গুমের বিষয়ে ১ হাজার ৮৫০টি আবেদন পড়েছিল। তিনি বলেন , আমরা মনে করি, মহান মুক্তিযুদ্ধের চে তনায় এ ধরনের গুম -খুনের কথা ছিল না। ব্রিগেডিয়ার আযমীর মতো অনেকে ফিরে এলেও পরিবারের কাউকে পাননি। জুলাই গণ-অভ্যুত্থানে নিহতের সংখ্যা প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জাতিসংঘের ফ্যাক্ট ফাইন্ডিং কমিটির প্রতিবেদন অনুসারে , জুলাই গণ-অভ্যুত্থানে প্রায় ১ হাজার ৪০০ মানুষ মারা গেছেন। তবে তাদের হিসাব অনুযায়ী, এ সংখ্যা দুই হাজার ছাড়িয়ে গেছে। সালাহউদ্দিন আহমদ বলেন, কারণ বহু মরদেহ গায়েব করা হয়েছে এবং পুড়িয়ে ফেলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## মিরপুরে বস্তিতে অবৈধ রিকশা চার্জিং ৫০০ পয়েন্ট বিচ্ছিন্ন

রাজধানীর মিরপুরের বিভিন্ন বস্তি এলাকায় ব্যাটারিচালিত রিকশা চার্জ দেওয়ার জন্য ব্যবহৃত অবৈধ বিদ্যুৎ সংযোগের বিরুদ্ধে অভিযান চালিয়েছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক মিরপুর বিভাগ। অভিযানে ১০টি অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের পাশাপাশি ৫০০টি চার্জিং পয়েন্ট বিচ্ছিন্নসহ বিপুল পরিমাণ সরঞ্জাম জব্দ করা হয়েছে। রোববার (৩০ আগস্ট) ট্রাফিক মিরপুর বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মোহাম্মদ ছানোয়ার হোসেন জানান , শনিবার দিনগত রাতে কাফরুল থানাধীন কাফরুল স্টাফ কোয়ার্টার্স সংলগ্ন পকেট বস্তি এবং রূপনগর থানাধীন ঝিলপাড় বস্তি , চলন্তিকা বস্তি ও টিনশেড বস্তিসহ বিভিন্ন এলাকায় অভিযান চালানো হয়। তিনি বলেন , ডেসকো ও ডিপিডিসির সহযোগিতায় সংশ্লিষ্ট থানা পুলিশ এবং পিওএম ফোর্সের সমন্বয়ে পরিচালিত অভিযানে প্রায় ২০০ মিটার বৈদ্যুতিক তার (আনুমানিক ওজন ৭০ কেজি) ৫০০টি চার্জিং পয়েন্ট বিচ্ছিন্ন এবং তিনটি চার্জিং অ্যাডাপ্টার জব্দ করা হয়। এসময় একাধিক বৈদ্যুতিক মিটারসহ ১০টি অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। ডিসি ছানোয়ার হোসেন আরও জানান, জননিরাপত্তা নিশ্চিত, সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা বজায় রাখা এবং অবৈধ বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধে মিরপুরে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## বাণিজ্য সহজীকরণে বাংলাদেশের সঙ্গে অংশীদারত্ব জোরদার করবে ইউএনডিপি

বাংলাদেশে বিনিয়োগ আকর্ষণ, ব্যবসা-বাণিজ্য সহজীকরণ, লজিস্টিকস ব্যয় হ্রাস এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (এমএসএমই) সক্ষমতা বাড়াতে সহযোগিতা জোরদা রের আগ্রহ জানিয়েছে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)। একইসঙ্গে রপ্তানি সক্ষমতা বৃদ্ধি এবং আন্তর্জাতিক বাণিজ্য আলোচনায় বাংলাদেশের দক্ষতা উন্নয়নে কাজ করার কথাও জানিয়েছে সংস্থাটি। রোববার (৩০ আগস্ট) সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে ইউএ নডিপি বাংলাদেশের আবাসিক প্রতিনিধি (রেসিডেন্ট রিপ্রেজেন্টেটিভ) স্টিফেন রজ্রিকসের বৈঠকে এসব বিষয় উঠে আসে। বৈঠকে ইউএনডিপির পক্ষ থেকে বলা হয় , বাংলাদেশে বিনিয়োগের সম্ভাবনা ক্রমেই বাড়ছে। এ সুযোগ কাজে লাগানোর পাশাপাশি স্থানীয় ব্যবসাকে শক্তিশালী করা এবং ব্যবসার পরি বেশগত ও সামাজিক মান নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া প্রয়োজন। বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেন , ব্যবসার লাইসেন্স ও অনুমোদন প্রক্রিয়া সহজ করতে বর্তমান সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। আগে কোনো কোনো প্রক্রিয়া সম্পন্ন করতে প্রায় তিন মাস সময় লাগলেও বর্তমানে তা দুই সপ্তাহের মধ্যে সম্পন্ন করা সম্ভব হচ্ছে। এসব প্রক্রিয়া আরও সহজ, দ্রুত ও কার্যকর করতে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেওয়া হবে।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## ডিএমপির ৮ কর্মকর্তাকে বদলি, ডিপ্লোমেটিক বিভাগে নতুন ডিসি

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) উপ-কমিশনার (ডিসি) ও অতিরিক্ত উপ -কমিশনার (এডিসি) পদমর্যাদার আট কর্মকর্তাকে বদলি করা হয়েছে। এরমধ্যে ডিপ্লোমেটিক সিকিউরিটি বিভাগে নতুন কর্মকর্তাকে দায়িত্ব দেওয়া হয়েছে। রোববার (৩০ আগস্ট) ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ স্বাক্ষরিত পৃথক দুটি অফিস আদেশে এ বদলি করা হয়। বদলি হওয়া তিন উপ -পুলিশ কর্মকর্তারা হলেন - ডিএমপির মো. শরফুদ্দীনকে প্রকিউরমেন্ট অ্যান্ড ওয়ার্কশপ বিভাগে, ট্রাফিক ওয়ারী বিভাগের আজাদ রহমানকে ডিপ্লোমেটিক সিকিউরিটি বিভাগে এবং সিটি -রিচার্স অ্যান্ড ডেভেলপমেন্ট বিভাগের মোহাম্মদ নূরে আলমকে ট্রাফিক ওয়া রী বিভাগে বদলি করা হয়েছে। বদলি হওয়া পাঁচ এডিসি হলেন গোয়েন্দা মিরপুর বিভাগের মো. সোনাহার আলীকে গোয়েন্দা গুলশান বিভাগে, কোয়ার্টার মাস্টার বিভাগের মো. সাজ্জাদ হোসেনকে ক্যান্টনমেন্ট জোনে, ক্যান্টনমেন্ট জোনের মোহাম্মদ আবির হাসানকে স্টাফ অফিসার টু কমিশনার, গোয়েন্দা রমনা বিভাগের মো . জিয়াউর রহমান চৌধুরীকে পিওএম -পূর্ব বিভাগে এবং পিওএম -পূর্ব বিভাগের মো . নজরুল ইসলামকে গোয়েন্দা রমনা জোনাল টিমে বদলি করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## আজও সবচেয়ে বেশি লোডশেডিং ঢাকায়

সন্ধ্যার পিক আওয়ারে দেশের বিভিন্ন অঞ্চলে মোট ১ হাজার ৯৩৯ মেগাওয়াট লোডশেডিংয়ের পূর্বাভাস দেওয়া হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি লোডশেডিং হতে পারে ঢাকা জোনে। রোববার (৩০ আগস্ট) দুপুরে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসির তথ্য বিশ্লেষণ করে লোডশেডিংয়ের এ চিত্র দেখা গেছে। পূর্বাভাস অনুযায়ী, সন্ধ্যার পিক আওয়ারে ঢাকায় ৫৬৯ মেগাওয়াট লোডশেডিং হতে পারে, যা শনিবার ছিল ৬৯৮ মেগাওয়াট। এরপর ময়মনসিংহ ও খুলনা জোনে ২৫০ মেগাওয়াট করে লোডশেডিংয়ের পূর্বাভাস রয়েছে। এছাড়া রাজশাহী ও রংপুর জোনে ২০০ মেগাওয়াট করে, চট্টগ্রাম ও কুমিল্লা জোনে ১৫০ মেগাওয়াট করে এবং সিলেট জোনে ১০০ মেগাওয়াট লোডশেডিং হতে পারে। সবচেয়ে কম লোডশেডিংয়ের পূর্বাভাস রয়েছে বরিশাল জোনে ৭০ মেগাওয়াট।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## মানবপাচার ও অবৈধ অভিবাসনের শিকার ব্যক্তিদের ফেরাতে 'আরডিএমএস' চালু

মানবপাচার ও অবৈধ অভিবাসনের শিকার বাংলাদেশি নাগরিকদের বিদেশ থেকে দেশে ফেরানোর প্রক্রিয়া আরও দ্রুত, কার্যকর ও সমন্বিত করতে রিপ্যাট্রিয়েশন ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম (আরডিএমএস) চালু করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। রোববার (৩০ আগস্ট) রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালের বোর্ডরুমে এক অনুষ্ঠানে এ ডিজিটাল প্ল্যাটফর্মের উদ্বোধন করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও বহিরাগমন) ড. জিয়াউদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানটি আয়োজন করা হয়। এতে কারিগরি সহযোগিতা দেয় জাস্টিস অ্যান্ড কেয়ার, বাংলাদেশ। সিস্টেমটির উন্নয়ন ও আপগ্রেডেশনে সহায়তা করেছে অস্ট্রেলিয়া সরকার। আরডিএমএসের উদ্দেশ্য ও সুবিধা তুলে ধরেন জাস্টিস অ্যান্ড কেয়ার বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর তারিকুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে ড. জিয়াউদ্দিন আহমেদ বলেন, মানবপাচার প্রতিরোধ এবং উদ্ধার হওয়া ব্যক্তিদের পুনরেকত্রীকরণ প্রক্রিয়া আরও বেগবান করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ডোমেইনে আরডিএমএস অন্তর্ভুক্ত করা গুরুত্বপূর্ণ। তিনি জানান, বিদেশ থেকে ফেরত আসা ব্যক্তি ও সারভাইভারদের পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণের জন্য আরডিএমএস ইতোমধ্যে জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) ডাটাবেজের সঙ্গে যুক্ত করা হয়েছে। শিশুদের সঠিকভাবে শনাক্ত করার জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং পাসপোর্ট সেবার সঙ্গেও সিস্টেমটি সমন্বয়ের কাজ চলছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## বিইউপির নবনির্মিত ৩টি ভবন উদ্বোধন করলেন সেনাপ্রধান

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) পশ্চিম ক্যাম্পাসে নবনির্মিত তিনটি ভবন উদ্বোধন করা হয়েছে। ভবনগুলো হলো ইউটিলিটি বিল্ডিং, ফ্যাকাল্টি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এফএসটি) টাওয়ার এবং ফ্যাকাল্টি অব আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (এফএএসএস) টাওয়ার। রোববার (৩০ আগস্ট) মিরপুর সেনানিবাসে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভবন তিনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, বিইউপির একাডেমিক অবকাঠামো সম্প্রসারণ এবং শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য আধুনিক সুযোগ-সুবিধা নিশ্চিত করার অংশ হিসেবে ভবনগুলো নির্মাণ করা হয়েছে। উদ্বোধন শেষে সেনাপ্রধান বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একটি গাছের চারা রোপণ করেন। পরে তিনি বিইউপির পশ্চিম ক্যাম্পাস ও শিক্ষার্থীদের আবাসিক এলাকা পরিদর্শন করেন। উদ্বোধনী অনুষ্ঠানের মূল পর্ব অনুষ্ঠিত হয় বিইউপির স্বাধীনতা মিলনায়তনে। এতে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মেজর জেনারেল মো. মাহবুব-উল আলম। স্বাগত বক্তব্যে উপাচার্য শিক্ষা ও গবেষণায় বিইউপির অগ্রগতি তুলে ধরেন। তিনি আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি, গবেষণা কার্যক্রম সম্প্রসারণ এবং দক্ষ মানবসম্পদ তৈরিতে বিশ্ববিদ্যালয়ের ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন। একইসঙ্গে আধুনিক ও যুগোপযোগী শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে বিইউপির বিভিন্ন উন্নয়নমূলক উদ্যোগ ও ভবিষ্যৎ পরিকল্পনার কথা তুলে ধরেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## দুই বিল সংশোধিত আকারে পাসের সুপারিশ সংসদীয় কমিটির

ত্রয়োদশ জাতীয় সংসদের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির তৃতীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। রোববার (৩০ আগস্ট) জাতীয় সংসদ ভবনে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে 'ট্রান্সফার অব প্রপার্টি (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২৬, ও 'জাতীয় মানবাধিকার কমিশন বিল, ২০২৬, নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিল দুটি পুঙ্খানুপুঙ্খ যাচাই-বাছাই ও পর্যালোচনা করে সংশোধিত আকারে সংসদে পাসের জন্য বৈঠকে সুপারিশ করা হয়। কমিটির সভাপতি মুহাম্মদ নওশাদ জমিরের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী মো. আসাদুজ্জামান, সংসদ সদস্য এমরান আহমদ চৌধুরী, সাকিলা ফারজানা, মো. মনজুরুল ইসলাম, মোহাম্মদ নাজিবুর রহমান এবং আলফারুক আব্দুল লতীফ অংশগ্রহণ করেন। বৈঠকে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিবসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং জাতীয় সংসদ সচিবালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশ-সৌদি সম্পর্ক আরও জোরদারে গুরুত্বারোপ

পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড . আবদুল্লাহ জাফর বিন আবিয়াহ। রোববার (৩০ আগস্ট) তাদের মধ্যে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মাহমুদুল হাসান এ তথ্য জানান। সাক্ষাৎকালে বাংলাদেশ ও সৌদি আরবের পারস্পরিক সহযোগিতা এবং দ্বিপক্ষীয় সম্পর্কের অগ্রগতি নিয়ে আলোচনা করেন তারা। বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার ধারাবাহিক অগ্রগতি তে উভয়পক্ষ সন্তোষ প্রকাশ করে দুই দেশের মধ্যে বিদ্যমান সহযোগিতাকে আরও এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। এ সময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী দুই দেশের মধ্যে উচ্চপর্যায়ের সফর ও যোগাযোগ অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন , নিয়মিত যোগাযোগ ও উচ্চপর্যায়ের পার স্পরিক সফরের মাধ্যমে দুই দেশের সম্পর্কের বর্তমান গতি ধরে রাখা র পাশাপাশি পারস্পরিক স্বার্থে দ্বিপক্ষীয় সম্পর্ককে আরও উচ্চতায় নেওয়া সম্ভব। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশ-চীন কূটনীতি ও প্রতিরক্ষা সংলাপ শুরুর প্রস্তুতি

বাংলাদেশ ও চীন শিগ্ গির পররাষ্ট্র প্রতিমন্ত্রী পর্যায়ে কূটনীতি ও প্রতিরক্ষা সংলাপ শুরু করতে যাচ্ছে। একইসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে কৌশলগত সংলাপ দ্রুত চালুর বিষয়েও দুই দেশ আলোচনা করেছে। রোববার (৩০ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন পররাষ্ট্রবিষয়ক প্রতিমন্ত্রী -১ হুমায়ুন কবিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এসব বিষয়ে আলোচনা করেন। বৈঠকে হুমায়ুন কবির চীনকে বাংলাদেশের বিশ্বস্ত বন্ধু ও মূল্যবান কৌশলগত অংশীদার হিসেবে উল্লেখ করেন। তিনি বাংলাদেশের 'এক চীন নীতির , প্রতি অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। সম্প্রতি প্রধানমন্ত্রী তা রেক রহমানের চীন সফরের পর বাংলাদেশ -চীন সম্পর্ক 'ভাগাভাগি ভবিষ্যৎ নিয়ে চীন -বাংলাদেশ কমিউনিটি, পর্যায়ে উন্নীত হওয়ায় এবং দ্বিপক্ষীয় সম্পর্কে নতুন গতি সঞ্চার হওয়ায় সন্তোষ প্রকাশ করেন প্রতিমন্ত্রী। চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ায় হু মায়ুন কবিরকে অভিনন্দন জানান। বাংলাদেশ ও চীনের দীর্ঘদিনের ঘনিষ্ঠ সম্পর্ক আরও এগিয়ে নিতে প্রতিমন্ত্রীর সহযোগিতা কামনা করেন তিনি। এ সময় চীনের নির্বাহী উপ-পররাষ্ট্রমন্ত্রীর পক্ষ থেকেও হুমায়ুন কবিরকে শুভেচ্ছা জানান রাষ্ট্রদূত। বৈঠকে প্রধানমন্ত্রীর সাম্প্রতিক চী ন সফরের বিভিন্ন ফলাফল নিয়েও আলোচনা হয়। এর মধ্যে রয়েছে চায়না ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোনের (সিইআইজেড) ভিত্তিপ্রস্তর স্থাপন, মোংলা বন্দরের আধুনিকায়নে বাণিজ্যিক চুক্তি সই এবং মোংলা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) প্রতিষ্ঠায় সম্ভাব্য সহযোগিতা। রাষ্ট্র দূত জানান, সিইআইজেডে প্রায় ৩০টি চীনা প্রতিষ্ঠান বিনিয়োগ করতে পারে। এতে আনুমানিক ৫০ কোটি মার্কিন ডলার বিনিয়োগ এবং স্থানীয় বাংলাদেশিদের জন্য প্রায় এক লাখ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হতে পারে। বৈঠকে তিস্তা নদীর সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার , পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে কৌশলগত সংলাপ দ্রুত শুরু এবং প্রতিমন্ত্রী পর্যায়ে কূটনীতি ও প্রতিরক্ষা সংলাপ শুরুর বিষয়েও আলোচনা হয়। এছাড়া বাংলাদেশ থেকে চীনে কাঁঠাল ও পেয়ারা রপ্তানি শুরুর প্রক্রিয়া , চীন-বাংলাদেশ-মিয়ানমার অর্থনৈতিক করিডোর এবং রোহিঙ্গা সংকট নিয়েও দুই পক্ষের মধ্যে আলোচনা হয়। রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বাংলাদেশ ও চীনের আসন্ন উচ্চপর্যায়ের সফর ও যোগাযোগের বিষয়েও প্রতিমন্ত্রীকে অবহিত করেন। এর মধ্যে চায়না ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট কো-অপারেশন এজেন্সির (সিআইডিসিএ) ভাইস প্রেসিডেন্ট, চীনের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিভাগের (আইডিসিপিসি) মন্ত্রী এবং ইউনান প্রদেশের নির্বাহী ভাইস গভর্নরের বাংলাদেশ সফরের পরিকল্পনার কথা উল্লেখ করা হয়। এ সময় হুমায়ুন কবিরকে আগামী অক্টোবরে চীন সফরের আমন্ত্রণ জানান চীনের রাষ্ট্রদূত। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মাহমুদুল হাসান এসব তথ্য জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## প্রবাসীদের বিমান ভাড়া সহনীয় ও কালোবাজারির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে

বিমানের টিকিট নিয়ে অনিয়ম, কৃত্রিম সংকট ও সিন্ডিকেটের দৌরাত্ম্য বন্ধে সরকার 'জিরো টলারেন্স, নীতি গ্রহণ করেছে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। তিনি বলেছেন, প্রবাসী কর্মীদের জন্য বিমান ভাড়া সহনীয় রাখতে ট্রাভেল এজেন্সি আইন ও বেসামরিক বিমান চলাচল আইন সংশোধনের উদ্যোগ নেওয়া হয়েছে। একইসঙ্গে টিকিটের কালোবাজারি রুখতে এখন থেকে বিমানে যাত্রার টিকিটে সংশ্লিষ্ট ট্রাভেল এজেন্সির নাম, লাইসেন্স নম্বর ও প্রকৃত বিক্রয়মূল্য স্পষ্টভাবে উল্লেখ করা বাধ্যতামূলক করা হয়েছে। রোববার (৩০ আগস্ট) জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে এক সংসদ সদস্যের প্রশ্নের লিখিত জবাবে তিনি এসব তথ্য জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া}

## দেশের ১৪৯৮ স্পট নিয়ে পর্যটন মহাপরিকল্পনা, প্রণয়ন হচ্ছে নতুন নীতিমালা

দেশি-বিদেশি পর্যটকদের আকর্ষণ করতে এবং দেশের সম্ভাবনাময় পর্যটনকেন্দ্রগুলোকে সুপরিকল্পিত ও পরিবেশবান্ধব হিসেবে গড়ে তুলতে ব্যাপক কর্মসংস্থান ও উন্নয়নের সমন্বিত উ দ্যোগ নিয়েছে সরকার। এরই মধ্যে 'জাতীয় পর্যটন

নীতিমালা ২০২৬, প্রণয়নের আনুষ্ঠানিক কাজ শুরু হয়েছে। একইসঙ্গে সারাদেশের সম্ভাব্য প্রায় ১৪৯৮টি পর্যটন স্পট চিহ্নিত করে একটি যুগোপযোগী ও সমন্বিত পর্যটন মহাপরিকল্পনা চূড়ান্ত করার কার্যক্রম শেষ পর্যায়ে। রোববার (৩০ আগস্ট) স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে প্রশ্নোত্তর পর্বে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য শওকত আরা আক্তারের এক লিখিত প্রশ্নের জবাবে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত সরকারের এসব পরিকল্পনার কথা জানান। মন্ত্রী জানান , দেশে পর্যটন খাতের সঠিক তথ্যের ঘাটতি দূর করা এবং সুনির্দিষ্ট পরিসংখ্যানের ভিত্তিতে টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে ট্যুরিজম স্যাটেলাইট অ্যাকাউন্ট , প্রণয়নের কার্যক্রমও বর্তমানে চলমান। পর্যটন কেন্দ্রগুলোর সার্বিক বিকাশে স্থানীয় বাসিন্দাদের সম্পৃক্ত করার ওপর জোর দেওয়া হচ্ছে। তিনি জানান , স্থানীয় জনসাধারণকে সরাসরি যুক্ত করে কমিউনিটি বেজড ট্যুরিজম , মডেলে পর্যটন স্পটগুলোর পর্যায়ক্রমিক উন্নয়নের কার্যকর পরিকল্পনা নেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ রুবাইয়া)

## নীতিমালা জারি; ৮ শ্রেণির মানুষ পাবেন না ফ্যামিলি কার্ড

দরিদ্র, অতি দরিদ্র ও নিম্নবিত্ত পরিবারকে সমন্বিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় আনতে ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা, ২০২৬, জারি করেছে সরকার। নতুন এ নীতিমালায় ফ্যামিলি কার্ড পাওয়ার ক্ষেত্রে ৮ ধরনের ব্যক্তি বা পরিবারকে সুবিধার বাইরে রাখার শর্ত দেওয়া হয়েছে। সম্প্রতি সমাজকল্যাণ মন্ত্রণালয় এ নীতিমালা জারি করে। এর মাধ্যমে পরীক্ষামূলকভাবে চালু হওয়া ফ্যামিলি কার্ড কর্মসূচিকে এবার বড়ো পরিসরে বাস্তবায়নের জন্য পূর্ণাঙ্গ কাঠামো তৈরি হলো। নীতিমালায় বলা হয়েছে, সরকারের ঘোষিত ২০২৬ সালের নির্বাচনি ইশতেহারে একটি বৈষম্যহীন ও মানবিক সামাজিক কল্যাণ রাষ্ট্র , প্রতিষ্ঠার অঙ্গীকার করা হয়েছে। এর মূল দর্শন হলো - ব্যক্তি নয়, পরিবারই উন্নয়নের মূল একক ,। এ দর্শনের আলোকে দেশের অতি দরিদ্র , দরিদ্র ও নিম্নবিত্ত পরিবারকে সমন্বিত ডিজিটাল সামাজিক নিরাপত্তা কাঠামোর আওতায় আনতে ফ্যা মিলি কার্ড কর্মসূচি প্রবর্তন করা হয়েছে। এ কর্মসূচির মাধ্যমে দেশের প্রায় ২ কোটি নারী পরিবার প্রধানকে সরাসরি জিটুপি পদ্ধতিতে মাসিক নগদ অর্থ সহায়তা দেওয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। নীতিমালায় ফ্যামিলি কার্ডের নগদ সহায়তা প্রাপ্যতার ক্ষেত্রে একটি নেগেটিভ লিস্ট, বা বহির্ভূত তালিকা নির্ধারণ করা হয়েছে। এসব বৈশিষ্ট্যের কোনো একটি থাকলে ব্যক্তি বা পরিবার ফ্যামিলি কার্ডের সুবিধা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ রিহাব)

## বিলিয়ন ডলারের সম্পদ সচল করতে থার্ড টার্মিনালে অতিরিক্ত৯০০ কোটি টাকা

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল নির্মাণে অতিরিক্ত ৯০০ কোটি টাকার বেশি বরাদ্দের যৌক্তিকতা ব্যাখ্যা করেছেন বেসামরিক বিমান পরিবহ ণ ও পর্যটন মন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। রোববার (৩০ আগস্ট) জাতীয় সংসদ অধিবেশনে নোয়াখালী -৬ আসনের সংসদ সদস্য (এমপি) হান্নান মাসউদের আনীত অভিযোগের জবাবে মন্ত্রী স্পষ্ট করেন যে , এটি ঠিকাদারকে নতুন করে দুর্নীতির সুযোগ দেওয়া নয় , বরং ২ দশমিক ১ বিলিয়ন ডলারের বিশাল রাষ্ট্রীয় সম্পত্তিকে দ্রুত সচল করে রাজস্ব আয় বাড়ানোর জন্য অত্যন্ত জরুরি একটি পদক্ষেপ। সম্পূরক প্রশ্নে অভিযোগ উত্থাপন করে হান্নান মাসউদ এমপি বলেন , আন্তর্জাতিক টার্মিনালের প্রাক্কলিত ব্যয় ১৩ হাজার কোটি টাকা থেকে কয়েক দফা বৃদ্ধি পেয়ে ২১ হাজার ৩০০ কোটি টাকায় পৌঁছায়। সেখানে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের (সিএজি) দপ্তর তদন্ত করে প্রায় ৪ হাজার ৪৬৯ কোটি টাকার অনি য়ম শনাক্ত করেছে। ঠিকাদারের কাছ থেকে ক্ষতিপূরণ আদায়ের সুপারিশ করা সত্ত্বেও কাজের প্রায় ৯৯.৯১ শতাংশ শেষ হওয়ার পর শেষ মুহূর্তে পুনরায় ৯০২ কোটি টাকা বৃদ্ধি করা ঠিকাদারকে দুর্নীতির সুযোগ করে দেওয়ার শামিল কি না , তাও জানতে চান হান্নান। সংসদ সদস্যের এই প্রশ্নের জবা বে এম রশিদুজ্জামান মিল্লাত বলেন , বিগত সরকারের আমলে শুধুমাত্র ভবন উদ্বোধন করেই কাজ শেষ বলে চালিয়ে দেওয়ার একটা প্রবণতা ছিল। কিন্তু বাস্তবে থার্ড টার্মিনালের মেশিনারিজ ও প্রয়োজনীয় বিভিন্ন সংকেত বা সংযোজন সম্পর্কিত গুরুত্বপূর্ণ কাজগুলো অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখা হয়েছিল। টার্মিনালে প্রায় ২.১ বিলিয়ন ডলার মূল্যের রাষ্ট্রীয় সম্পদ পড়ে নষ্ট হওয়ার উপক্রম হয়েছিল। এর ফলে সরকার একদিকে এটি ব্যবহার করতে পারছিল না , অন্যদিকে উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার কাছ থেকে নেওয়া ঋণের বড়ো অংকের কিস্তি এরই মধ্যে পরিশোধ করা শুরু হলেও অবকাঠামো সচল না থাকায় কোনো আয় হচ্ছিল না।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ রিহাব)

## ডেঙ্গুতে আরও ৩ জন মারা গেছেন

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে আরও তিনজন মারা গেছেন। এ নিয়ে চলতি বছর মোট ৯৩ জনের মৃত্যু হলো। এছাড়া নতুন ১০৯৭ জন ডেঙ্গুরোগী দেশের বিভিন্ন হাসপা তালে ভর্তি হয়েছেন। বর্তমানে চিকিৎসাধীন রোগীর সংখ্যা দাঁড়িয়েছে দুই হাজার ৪০২ জন। রোববার (৩০ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ডেঙ্গু সংক্রান্ত নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তর জানায় , মারা যাওয়া তিনজনের মধ্যে দুজন পুরুষ ও একজন নারী। তাদের একজনের বয়স ৩১ থেকে ৩৫, একজনের ৩৬ থেকে ৪০ এবং

অন্যজনের ৫৬ থেকে ৬০ বছরের মধ্যে। তাদের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকায় একজন এবং চট্টগ্রাম ও খুলনা বিভাগে একজন করে রয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ রিহাব)

## বাংলাদেশ ব্যাংকের নিট মুনাফা বেড়ে ২৬ হাজার কোটি টাকা

২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের নিট মুনাফা উল্লেখযোগ্য হারে বেড়েছে। গত অর্থবছরে কেন্দ্রীয় ব্যাংক প্রায় ২৫ হাজার ৯০০ কোটি টাকা নিট মুনাফা করেছে। আগের অর্থবছর ২০২৪-২৫-এ মুনাফার পরিমাণ ছিল ২২ হাজার ৬২০ কোটি টাকা। অর্থাৎ এক বছরের ব্যবধানে নিট মুনাফা বেড়েছে প্রায় ৩ হাজার ২৮০ কোটি টাকা। রোববার (৩০ আগস্ট) বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদের বৈঠকে ২০২৫-২৬ অর্থবছরের আর্থিক হিসাব বিবরণী অনুমোদন করা হয়। কেন্দ্রীয় ব্যাংকের সভাকক্ষে গভর্নর মোস্তাকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে পরিচালনা পর্ষদের সদস্যরা উপস্থিত ছিলেন। বৈঠকে বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের জন্য মূল বেতনের ছয় গুণ হারে প্রণোদনা বোনাস দেওয়ার প্রস্তাবও অনুমোদন করা হয়েছে। কেন্দ্রীয় ব্যাংকের মুনাফা বৃদ্ধির পেছনে কয়েকটি কারণ রয়েছে বলে জানা গেছে। বিশেষ করে ব্যাংক খাতে দীর্ঘদিনের তারল্যসংকটের কারণে বিভিন্ন ব্যাংক বাংলাদেশ ব্যাংক থেকে আগের তুলনায় বেশি অর্থ ধার করেছে। এতে কেন্দ্রীয় ব্যাংকের ঋণ থেকে সুদ আয় বেড়েছে। এ ছাড়া বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের একটি অংশ বিভিন্ন দেশের আর্থিক ও বিনিয়োগ খাতে রাখা রয়েছে। সেখান থেকেও গত অর্থবছরে ভালো আয় এসেছে। ঋণ ব্যবস্থাপনা থেকে বাড়তি সুদ আয় এবং বৈদেশিক বিনিয়োগের মুনাফা দুইয়ের প্রভাবেই কেন্দ্রীয় ব্যাংকের নিট মুনাফা বেড়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। তবে কেন্দ্রীয় ব্যাংকের মুনাফা বৃদ্ধিকে অর্থনীতির জন্য সরাসরি ইতিবাচক সূচক হিসেবে দেখছেন না অর্থনীতিবিদরা। তাদের মতে, একটি দেশের কেন্দ্রীয় ব্যাংকের প্রধান লক্ষ্য মুনাফা অর্জন নয়। ব্যাংক খাতের নিয়ন্ত্রণ ও তদারকি, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা এবং উৎপাদনশীল খাতে বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়াতে সহায়তা করাই এর মূল দায়িত্ব। অর্থনীতিবিদদের মতে, ব্যাংক খাতে তারল্যসংকট ও দুর্বলতার সময়ে বাংলাদেশ ব্যাংককে বেশি অর্থ ধার দিতে হয়েছে। এর ফলে সুদ আয় বাড়লেও এর পেছনে ব্যাংক খাতের বিদ্যমান সংকটের বিষয়টিও রয়েছে। তাই মুনাফা বাড়ানোর পাশাপাশি কেন্দ্রীয় ব্যাংক যেন তার মূল দায়িত্ব ও নীতিগত লক্ষ্য থেকে বিচ্যুত না হয়, সেটিও গুরুত্বের সঙ্গে বিবেচনা করা প্রয়োজন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ রিহাব)

## মক্কা চুক্তিতে কোনো ঝুঁকি দেখছে না বাংলাদেশ: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের মধ্যে সদ্য স্বাক্ষরিত `মক্কা চুক্তি, নিয়ে কোনো ঝুঁকি দেখছে না বাংলাদেশ। বরং আন্তর্জাতিক শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠায় দেশের দীর্ঘদিনের অভিজ্ঞতা ও দক্ষতার আলোকে উদ্যোগটিকে একটি `অনন্য, ও নতুন সুযোগ হিসেবে দেখছে ঢাকা। রোববার (৩০ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির এ কথা বলেন। তিনি বলেন, বাংলাদেশ সবসময় বিশ্বে শান্তি ও স্থিতিশীলতার পক্ষে অবস্থান নেয় এবং শান্তিরক্ষা কার্যক্রমে দেশের প্রমাণিত দক্ষতা ও অভিজ্ঞতা রয়েছে। মক্কা চুক্তি নিয়ে সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে সাংবাদিকের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, `বাঁচার আগে যদি মরার চিন্তা করেন, তাহলে লাভ আছে বলেন?, প্রতিমন্ত্রী বলেন, `এটি একটি অনন্য উদ্যোগ। এগুলো নতুন সুযোগ।, বর্তমান বিশ্বের অস্থির ও সংকটময় আন্তর্জাতিক রাজনৈতিক পরিস্থিতিতে বাংলাদেশের মতো দেশকে পররাষ্ট্রনীতি ও নিরাপত্তা সহযোগিতার ক্ষেত্রে সমন্বিত ও নমনীয় দৃষ্টিভঙ্গি নিয়ে এগোতে হবে বলেও মন্তব্য করেন তিনি। হুমায়ুন কবির বলেন, `আমরা আমাদের সম্পর্কের মধ্যে ভারসাম্য রাখব। বাংলাদেশ সারা বিশ্বের শান্তি ও স্থিতিশীলতার পক্ষে। যেখানে শান্তি ও স্থিতিশীলতা প্রধান থাকবে, সেখানেই বাংলাদেশের অবস্থান থাকবে।, জাতিসংঘের অধীনে বিশ্বব্যাপী শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের দীর্ঘ অভিজ্ঞতার কথা তুলে ধরে তিনি বলেন, শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে বাংলাদেশের অভিজ্ঞতা ও দক্ষতা নতুন কোনো বিষয় নয়। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ রিহাব)

## সালমান এফ রহমানের পক্ষে লড়তে চান বিদেশি আইনজীবী, বার কাউন্সিলে আবেদন

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি খাত বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমানের পক্ষে লড়তে চান বিদেশি আইনজীবী। গ্রায়াম এল হল নামের ওই আনজীবী এরই মধ্যে বাংলাদেশ বার কাউন্সিলে আবেদন করেছেন। গত ২৪ আগস্ট গ্রায়াম এল হল বাংলাদেশ বার কাউন্সিলের সচিবের কাছে এ আবেদন করেন। বিষয়টি রোববার (৩০ আগস্ট) জাগো নিউজকে নিশ্চিত করেন সালমান এফ রহমানের এক আইনজীবী। এর আগে, জুলাই গণ-অভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় সালমান এফ রহমান ও সাবেক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হকের পক্ষে মামলা লড়তে বিদেশি আইনজীবী নিয়োগের আবেদন করা হয়েছিল। ২০২৫ সালের ১০ ডিসেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে দুই সদস্যের বিচারিক প্যানেলে আসামিপক্ষে আবেদন করেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী মনসুরুল হক চৌধুরী। গত বছরের ৪ ডিসেম্বর তাদের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হয়। অভিযোগে বলা হয়, জুলাই গণ-অভ্যুত্থানের সময় তাদের ফোনালাপে আন্দোলনকারীদের `শেষ করে দেওয়ার, কথা বলা হয়েছিল। তাদের উসকানিমূলক বক্তব্যের পর

২০২৪ সালের ১৯ জুলাইসহ পরবর্তী সময়ে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ছাত্র -জনতাকে গুলি করে হত্যা করা হয়। সালমান এফ রহমান ও আনিসুল হক এরই মধ্যে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে গ্রেফতার হয়ে কারাগারে। তাদের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠনের পর সাক্ষ্যগ্রহণ চলছে।(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ রিহাব)

## সংসদ ভবনের সামনে শিক্ষিকা রনজিনা হত্যা, যে বর্ণনা দিলো র‍্যাব

রাজধানীর সংসদ ভবন এলাকায় ছিনতাইকারীদের কবলে পড়ে প্রাণ দিতে হয়েছে চোখের চিকিৎসার জন্য বগুড়া থেকে ঢাকায় আসা প্রধান শিক্ষিকা রনজিনা পারভীনকে। এই ছিনতাইয়ের ঘটনায় জড়িত থাকার অভিযোগে দু-জনকে গ্রেফতার করেছে র‍্যাব-২। এসময় তাদের হেফাজত থেকে ছিনতাইয়ের কাজে ব্যবহৃত ইয়ামাহা আর ১৫ মডেলের একটি মোটরসাইকেল উদ্ধার করা হয়। র‍্যাব বলছে, ছিনতাইয়ের ঘটনায় ব্যবহৃত মোটরসাইকেলটি ছিল মূলত একটি ওয়ার্কশপের মালিক রাকিবের। মো. মোশারফ হোসেন পনি ওরফে পনি গাজী ওরফে `প্যারা পনি, ছিল এলাকার বড়ো ভাই। বিভিন্ন সময় পনি হুমকি দিয়ে তার (রাকিবের) মোটরসাইকেল নিয়ে যেতো। রোববার (৩০ আগস্ট) রাজধানীর মোহাম্মদপুরের বসিলা র‍্যাব-২ এর সদরদপ্তরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বাহিনীটির অধিনায়ক অতিরিক্ত ডিআইজি নয়মুল হাসান এসব কথা জানান। গ্রেফতার দুইজন হলেন- হত্যাকাণ্ডের মূল সন্দিগ্ধ মোশারফ হোসেন পনি ওরফে পনি গাজী ওরফে `প্যারা পনি, এবং তার সহযোগী সেড্রিক। নয়মুল হাসান বলেন, র‍্যাব-২ জানতে পারে, দেশব্যাপী আলোচিত ছিনতাইয়ের শিকার হয়ে মৃত্যুবরণকারী স্কুল শিক্ষিকা রনজিনা পারভীন (৫৫) হত্যা মামলার সন্দিগ্ধ ছিনতাইকারীরা রাজধানীর তেজগাঁও থানাধীন পূর্ব তেজতুরী বাজার এলাকায় অবস্থান করছে। এমন তথ্যের ভিত্তিতে র‍্যাব-২ এর একটি আভিযানিক দল ওই এলাকায় বিশেষ অভিযান চালিয়ে হত্যা মামলার সন্দিগ্ধ, ছিনতাইকারী চক্রের মূল হোতা মোশারফ হোসেন পনি ওরফে পনি গাজীকে (প্যারা পনি) তার সহযোগী সেড্রিক এবং ছিনতাইকার্যে ব্যবহৃত মোটরসাইকেল গ্রেফতার করতে সক্ষম হয়। এসময় ছিনতাই কাজে ব্যবহৃত ইয়ামাহা আর ১৫ মোটরসাইকেলও উদ্ধার করা হয়। মোটরসাইকেল মালিক রাকিবকে জিজ্ঞাসাবাদে জানা যায়, মোটরসাইকেলটি ঘটনার দিন পনি গাজীর হেফাজতে ছিল। এছাড়া ভুক্তভোগীর স্বামী আব্দুল মতিন ঘটনাস্থলে এই বাইকটি ব্যবহৃত হয়েছে বলে প্রাথমিকভাবে নিশ্চিত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ রিহাব)

## পাকিস্তান হাইকমিশনের সামনে মোটরসাইকেল রাখা ব্যক্তি পরিচয় গোপন করেছিলেন

প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের (ডিজিএফআই) সহকারী পরিচালক পরিচয়দানকারী এক ভুয়া কর্মকর্তাকে গ্রেফতার করেছে গুলশান থানা পুলিশ। গ্রেফতার ব্যক্তির নাম মো. সাইফ ইমরান (৩৭)। রোববার (৩০ আগস্ট) গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. দাউদ হোসেন বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, শনিবার (২৯ আগস্ট) দুপুরে অভিযুক্ত সাইফ ইমরান গুলশানস্থ পাকিস্তান হাইকমিশনের পাশে একটি মোটরসাইকেল পার্কিং করেন। ওই স্থানে পার্কিং করতে নিষেধ করা হলে তিনি দায়িত্বরত পুলিশ সদস্যদের কাছে নিজেকে ডিজিএফআইয়ের সহকারী পরিচালক হিসেবে পরিচয় দেন এবং দাবি করেন যে, ডিজিএফআইয়ের গাড়িগুলো সাধারণত সেখানেই পার্কিং করা থাকে। তিনি বলেন, পরবর্তী সময়ে একই দিন সন্ধ্যা ৭টা ১৫ মিনিটের দিকে তিনি আবারও একই স্থানে মোটরসাইকেল পার্কিং করলে পুলিশ সদস্যদের সন্দেহ হয়। এসময় তার পরিচয় নিয়ে বিশদ জিজ্ঞাসাবাদ করা হলে একপর্যায়ে তিনি স্বীকার করেন যে তিনি ডিজিএফআইয়ের কোনো কর্মকর্তা বা সদস্য নন। ভুয়া পরিচয় দিয়ে আসল পরিচয় গোপন করার অভিযোগে পুলিশ সদস্যরা তাকে তাৎক্ষণিকভাবে গ্রেফতার করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ রিহাব)

## গ্রাহকের পাওনা হাজার কোটি টাকা, ই-কমার্সে শৃঙ্খলা ফেরাতে ৩ নির্দেশনা

দেশের ই-কমার্স খাত ধারণার চেয়েও দ্রুতগতিতে বৃদ্ধি পাওয়ার পাশাপাশি গ্রাহক প্রতারণা ও অনিয়মের পরিমাণ ব্যাপকভাবে বেড়ে গেছে। এই অবস্থায় ই-কমার্স প্রতিষ্ঠানগুলোর জালিয়াতি বন্ধ করতে এবং সমস্ত ব্যবসা প্রতিষ্ঠানকে একটি জবাবদিহিমূলক আইনি কাঠামোর আওতায় আনতে তিন ধাপের নীতিগত পদক্ষেপ নিয়েছে সরকার। রোববার (৩০ আগস্ট) জাতীয় সংসদে কার্যপ্রণালী বিধির ৭১ বিধি অনুসারে জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে উত্থাপিত এক প্রশ্নের লিখিত উত্তরে এ তথ্য জানান বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। সংসদ অধিবেশনে শেরপুর-১ আসনের সংসদ সদস্য মো. রাশেদুল ইসলাম রাশেদ বাণিজ্যমন্ত্রীর কাছে ই-কমার্স খাতের প্রতারণা ও সরকারের গৃহীত ব্যবস্থা সম্পর্কে জানতে চান। জবাবে বাণিজ্যমন্ত্রী জানান, ই-কমার্স খাতের শৃঙ্খলা ফেরাতে বাণিজ্য মন্ত্রণালয় ইতোমধ্যে জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা প্রণয়ন, ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা এবং ডিজিটাল বিজনেস আইডেন্টিটি নিবন্ধন নির্দেশিকা প্রণয়ন ও বাস্তবায়ন শুরু করেছে। বিগত সময়ে দেশের বিভিন্ন বহুল আলোচিত ই-কমার্স প্রতিষ্ঠান গ্রাহকদের সঙ্গে বিপুল অঙ্কের আর্থিক কেলেঙ্কারি ঘটায়। এর মধ্যে ইভ্যালি, ই-অরেঞ্জ, কিউকম, ধামাকা শপিং এবং আলেশা মার্টসহ একাধিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাণিজ্য মন্ত্রণালয় ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে বিপুল সংখ্যক অভিযোগ জমা পড়েছে। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পরিসংখ্যান তুলে ধরে মন্ত্রী জানান, প্রতারিত গ্রাহকরা বিভিন্ন ই-কমার্স প্রতিষ্ঠানের বিরুদ্ধে অধিদপ্তরে এ পর্যন্ত সর্বমোট ৫৮ হাজার ৭২০টি অভিযোগ দাখিল করেছেন। ভুক্তভোগী গ্রাহক ও বিক্রেতাদের দাখিলকৃত এসব লিখিত অভিযোগের বিপরীতে দাবিকৃত মোট

অর্থের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৩ হাজার ৮৬৯ কোটি টাকা। বাণিজ্য মন্ত্রণালয় ডিজিটাল বাণিজ্য সংক্রান্ত প্রতিষ্ঠানগুলোর স্বচ্ছতা নিশ্চিত করতে এবং গ্রাহকদের পাওনা অর্থ উদ্ধারের প্রক্রিয়া তদারকি করতে সক্রিয় কাজ করে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## রাষ্ট্রপতির সঙ্গে চীনের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। আজ রোববার দুপুরে এ সাক্ষাৎকালে চীনের প্রেসিডেন্ট শি জিনপিং-এর পক্ষ থেকে বাংলাদেশের নতুন রাষ্ট্রপতিকে শুভেচ্ছা জানান ইয়াও ওয়েন। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলম আজ বিকালে বাসসকে এসব তথ্য নিশ্চিত করেন। এ সময় দেশটির রাষ্ট্রদূত, রাষ্ট্রপতিকে সুবিধাজনক সময়ে চীনে রাষ্ট্রীয় সফরের আমন্ত্রণ জানান। এ সময় তিনি প্রধানমন্ত্রীর সাম্প্রতিক চীন সফরের বিভিন্ন গুরুত্বপূর্ণ অগ্রগতি সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন এবং সফরের অংশ হিসেবে চায়না ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোন এর ভিত্তিপ্রস্তর স্থাপন, মোংলা বন্দর আধুনিকায়নে একটি বাণিজ্যিক চুক্তি স্বাক্ষর এবং মোংলা এক্সপোর্ট প্রসেসিং জোন প্রতিষ্ঠার সম্ভাব্য সহযোগিতা নিয়ে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে বলে জানান। রাষ্ট্রপতি এসময় প্রধানমন্ত্রীর চীন সফর দুই দেশের সম্পর্ককে আরও জোরদার করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সাক্ষাৎকালে চীনের রাষ্ট্রদূত আশাপ্রকাশ করে বলেন, অন্তত ৩০টি চীনা কোম্পানি এদেশে প্রায় ৫০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। এতে এদেশের অন্তত ১ লাখ মানুষের কর্মসংস্থান হবে। বৈঠকে তিস্তা নদীর সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্প, পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের কৌশলগত সংলাপ দ্রুত শুরু করা এবং প্রতিমন্ত্রী পর্যায়ের 'টু প্লাস টু, কূটনীতি ও প্রতিরক্ষা সংলাপ চালুর উদ্যোগসহ বিভিন্ন পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়। এছাড়া বাংলাদেশ থেকে চীনে কাঁঠাল, আম ও পেয়ারা রপ্তানি প্রক্রিয়া শুরু, সৌরশক্তি, বৈদ্যুতিক যানবাহন সংযোজন কারখানা স্থাপন, চীন-বাংলাদেশ-মিয়ানমার অর্থনৈতিক করিডোর এবং রোহিঙ্গা সংকট মোকাবিলায় দ্বিপক্ষীয় সহযোগিতা জোরদারের বিষয়েও আলোচনা হয়। এসময় চীনের রাষ্ট্রদূত, মন্ত্রী থাকাকালে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের চীন সফরের কথা বিশেষভাবে উল্লেখ করেন। সাক্ষাৎকালে উভয় পক্ষ বাংলাদেশ ও চীনের মধ্যকার বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদৃঢ় ও বহুমাত্রিক সহযোগিতার মাধ্যমে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। এসময় রাষ্ট্রপতির জন বিভাগের সচিব ও সামরিক সচিব উপস্থিত ছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ আসাদ)

## জাতিসংঘের সিদ্ধান্ত অনুযায়ী আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস আজ

জাতিসংঘের সিদ্ধান্ত অনুযায়ী বিশ্বব্যাপী গুমের শিকার ব্যক্তিদের উদ্ধারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থার স্মরণে ২০১১ সাল থেকে প্রতি বছর ৩০ আগস্ট আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস পালিত হয়ে আসছে। এবার 'ভিক্টিমস ফার্স্ট, অ্যাকশন্স নাউ, প্রতিপাদ্যে দিবসটি পালিত হচ্ছে। গুম প্রতিরোধ , ভুক্তভোগীদের স্মরণ, তাদের পরিবারের প্রতি সংহতি এবং এ ধরনের অপরাধের বিরুদ্ধে রাষ্ট্রীয় জবাবদিহি নিশ্চিত করাই দিবসটির অন্যতম লক্ষ্য। দিবসটি উপলক্ষ্যে আজ (রোববার, ৩০ আগস্ট) গুম হওয়া ব্যক্তির স্বজনদের সংগঠন 'মায়ের ডাক ,সহ বিভিন্ন মানবাধিকার সংগঠন নানা কর্মসূচির আয়োজন করেছে। দিবসটির ইতিহাস সম্পর্কে জানা যায় , বিশ্বের বিভিন্ন দেশে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় গুম বন্ধের পাশাপাশি এই অপরাধের জন্য দায়মুক্তি বন্ধ করা , ন্যায়বিচার প্রতিষ্ঠা ও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সহায়তার লক্ষ্যে ২০০৬ সালের ২০ ডিসেম্বর গুম হওয়া সব ব্যক্তির জন্য আন্তর্জাতিক সনদ হিসেবে জাতিসংঘ সাধারণ পরিষদে একটি প্রস্তাব গৃহীত হয়। পরে ২০১০ সালের ডিসেম্বরে 'ইন্টারন্যাশনাল কনভেনশন ফর প্রটেকশন অব অল পারসন্স অ্যাগেইনস্ট এনফোর্সড ডি সঅ্যাপিয়্যারেন্স, সম্মেলনে যে আন্তর্জাতিক সনদ কার্যকর হয় , সেই সনদে ৩০ আগস্টকে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস হিসেবে ঘোষণা করা হয়। গুম হওয়া ব্যক্তিদের স্বজনদের সংগঠন , সরকারি, বেসরকারি বিভিন্ন সংস্থা এই দিবস পালন করে। দিবসটির মূল উদ্দেশ্য ছিল গুম নামক মানবতা বিরোধী অপরাধকে বিশ্বমঞ্চে তুলে ধরা এবং রাষ্ট্রগুলোর ওপর জবাবদিহিতার চাপ সৃষ্টি করা। ২০১১ সাল থেকেই বাংলাদেশে দিনটি পালিত হতে থাকে। শেখ হাসিনার সরকারের পতনের পর 'আয়নাঘর, হিসেবে পরিচিত গোপন বন্দিশালা থেকে দীর্ঘ সময় পর বেশ কয়েকজন ব্যক্তি মুক্ত হওয়ার পর গুমের বিষয়টি জোরালোভাবে সামনে আসে। বেসরকারি মানবাধিকার সংগঠন অধিকারের পরিসংখ্যান অনুযায়ী, গত ১৫ বছরে বাংলাদেশে সাত শ,র বেশি মানুষ গুম হওয়ার ঘটনা ঘটেছে। এর মধ্যে ১৫০ জনের বেশি মানুষের খোঁজ এখনো পাওয়া যায়নি। গুমকে স্বতন্ত্র , আমলযোগ্য, জামিন-অযোগ্য ও আপস-অযোগ্য ফৌ জদারি অপরাধ হিসেবে চিহ্নিত করে 'গুম প্রতিরোধ ও প্রতিকার আইন , ২০২৬,-এর খসড়া নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গুম প্রতিরোধ , দায়ী ব্যক্তির শাস্তি নিশ্চিতকরণ , ভুক্তভোগী ও তাদের অধিকার সংরক্ষণ ও প্রতিকার প্রদান এবং মানবাধিকার , ব্যক্তি স্বাধীনতা ও ন্যা য়বিচার নিশ্চিতে 'গুম প্রতিরোধ ও প্রতিকার বিল-২০২৬, ২৭ আগস্ট সংসদে উত্থাপিত হয়েছে। গুমের অপরাধে সর্বোচ্চ যাবজ্জীবন কারাদণ্ড ও অর্থদণ্ডের

বিধান রাখা হয়েছে। আর গুমের কারণে মৃত্যু হলে , মরদেহ উদ্ধার হলে বা পাঁচ বছর পরও ব্যক্তির সন্ধান না মিললে সর্বোচ্চ মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড এবং অর্থদণ্ড দেওয়া যাবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ এলিনা)

## এক সপ্তাহের মধ্যে ব্যটারিচালিত রিকশার নীতিমালা করা হবে: প্রতিমন্ত্রী

এক সপ্তাহের মধ্যে ব্যা টারিচালিত রিকশার নীতিমালা করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম। রোববার মালয়েশিয়ার হাইকমিশনারের সঙ্গে বৈঠক শেষে এ কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী বলেন , এসময় ব্যাটারিচালিত রিকশার বিষয়ে তিনি বলেন , ঢাকার প্রধান সড়কে কোনো ই -রিকশা চলবে না। এক সপ্তাহের মধ্যে ব্যাটারিচালিত রিকশার নীতিমালা করা হবে। এখন নিবন্ধন ফি ও বিধিমালা চূড়ান্ত করার কাজ চলছে। এতে রিকশা নিয়ন্ত্রণে চলে আসবে। বুয়েট বা সরকারি পলিটেকনিকের নকশা ও ট্রাফিক ফিটনেস ছাড়া মিলবে না ই -রিকশার লাইসেন্স। চার্জ দেওয়ার পয়েন্টগুলোর লাইসেন্স দিবে সিটি করপোরেশন বা পৌরসভা। এছাড়াও তিনি বলেন , ঢাকার ই-রিকশা নিয়ন্ত্রণে করা হচ্ছে ৮টি জোন। এক জোনের রিকশা চলবে না অন্য জোনে। মালয়েশিয়ার সঙ্গে বাংলাদেশের সম্পর্ক বিষয়ে তিনি বলেন , শিগ্গিরই ২ বিলিয়ন ডলার বাংলাদেশে বিনিয়োগ করবে মালয়েশিয়া। আগামী সেপ্টেম্বর থেকে মালয়েশিয়ায় পর্যায়ক্রমে ২ লাখ শ্রমিক পাঠানোর কার্যক্রম শুরু হবে। এর মধ্যে বিনামূল্যে ১০ হাজার শ্রমিক নিবে মালয়েশিয়া।(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ এলিনা)

## কোনো রাজনৈতিক বিবেচনায় ফ্যামিলি কার্ড বিতরণ করা হয়নি: অর্থমন্ত্রী

ফ্যামিলি কার্ড বিতরণ প্রকল্পে মাত্র ১ দশমিক ২ শতাংশ ত্রুটি হয়েছে বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমি র খসরু মাহমুদ চৌধুরী। তার দাবি , বাংলাদেশের প্রেক্ষাপটে পাইলট প্রকল্পে এ ধরনের ত্রুটি অত্যন্ত নগণ্য। প্রকল্পটি সফলভাবেই বাস্তবায়িত হয়েছে। রোববার চট্টগ্রাম সার্কিট হাউসে আয়োজিত `বন্যা-পরবর্তী পুনরুদ্ধার ও পুনর্বাসন সহায়তা, প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধা ন অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন , `কোনো রাজনৈতিক বিবেচনায় ফ্যামিলি কার্ড বিতরণ করা হয়নি , ভবিষ্যতেও করা হবে না। , ফ্যামিলি কার্ডের মতো বিভিন্ন ব্যবস্থার মাধ্যমে একটি দক্ষ ডেলিভারি সিস্টেম গড়ে উঠছে বলেও মন্তব্য করেন তিনি। আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, এই ব্যবস্থা সরকারের অপচয় ও দুর্নীতি বন্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বন্যা -পরবর্তী পুনর্বাসনে ব্র্যাকসহ বিভিন্ন সংস্থার অংশগ্রহণের কথা উল্লেখ করে তিনি বলেন , এ ধরনের সম্মিলিত অংশীদারত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সরকার এ ধারা অব্যাহত রাখতে চায়। তিনি বলেন, সাধারণ মানুষের সঠিক পুনর্বাসন নিশ্চিত না হলে প্রকৃত সহায়তা দেওয়া সম্ভব নয়। কোনো পরিস্থিতি মোকাবিলায় সঠিক পদ্ধতিতে ও দক্ষতার সঙ্গে ত্রাণ ও সহায়তা বিতরণ নিশ্চিত করা প্রয়োজন। অর্থমন্ত্রী বলেন , দেশে ত্রাণ ও সহায়তা বিতরণের ক্ষেত্রে দুর্নীতি , অপচয় ও সঠিক ব্যবস্থাপনার অভাবে অনেক ক্ষতি হয়। এ কারণে সরকারের বিভিন্ন কাজে সরকার , বেসরকারি খাত ও এনজিওগুলোর মধ্যে অংশীদারত্ব গড়ে তোলা হচ্ছে। তার ভাষ্য, সরকারের পক্ষে একা সবকিছু সঠিকভাবে বিতরণ করা কঠিন। তবে ডেলিভারি ব্যবস্থায় বেসরকারি খাত ও এনজিওগুলোকে যুক্ত করা হলে কাজ যেমন দক্ষতার সঙ্গে হয় , তেমনি অপচয় ও দুর্নীতিও কমে। বন্যা-পরবর্তী পুনর্বাসন কার্যক্রমে এখন পর্যন্ত কোনো দুর্নীতির অভিযোগ পাওয়া যায়নি দাবি করে অর্থমন্ত্রী বলেন , `পত্র-পত্রিকায় বা কোথাও আমি এমন কোনো অভিযোগও দেখিনি।,

(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ এলিনা)

## বিএনপিতে কোনো মাদক ব্যবসায়ীর ঠাঁই নেই: গয়েশ্বর

বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও ঢাকা -৩ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা গয়েশ্বর চন্দ্র রায় হুঁশিয়ারি দিয়ে বলেছেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের দল বিএনপিতে কোনো মাদক ব্যবসা য়ী বা অপরাধীর ঠাঁই হবে না। ২০২৬-২০২৭ অর্থ বছরের সংসদ সদস্যের অনুকূলে বরাদ্দকৃত ক্রীড়া সামগ্রী বিতরণ উপলক্ষ্যে দক্ষিণ কেরানীগঞ্জের চুনকুটিয়া গার্লস স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি গতকাল শনিবার এসব কথা বলেন। তিনি বলেছেন, `আমাদের চোখ-কান খোলা আছে। মাদকজাতীয় অপরাধের সাথে যে-ই জড়িত থাকবে, সে যদি আমার দলের বড়ো নেতাও হয়, তাকে আগে থাপ্পড় দেব, তারপরে পুলিশের কাছে সোপর্দ করব - এটা ওয়াদা করতে পারি। শ হিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপিতে কেউ মাদকের ব্যবসার সাথে জড়িত থাকতে পারবে না। , প্রধান অতিথির বক্তব্যে গয়েশ্বর চন্দ্র রায় বলেন, অপরাধী বা মাদক ব্যবসায়ীকে ধরলে অনেক সময় রাজনৈতিক পরিচয়ের অযুহাত দিয়ে অপরাধ ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হয়। তাই এই সমস্যা নিরসনে কেবল রাজনৈতিক সদিচ্ছাই যথেষ্ট নয় , পাড়ায়-মহল্লায় মুরব্বি ও সাধারণ মানুষকে সাথে নিয়ে একটি তীব্র সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। অভিভাবক ও সামাজিক প্রতিরোধ গড়ে উঠলে প্রশাসনও দ্রুত আইনগত ব্যবস্থা নিতে পারবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ এলিনা)

## বাংলাদেশ-মালয়েশিয়া সম্পর্ক নতুন উচ্চতায় নিতে চায় সরকার

বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যকার বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও উচ্চতায় নিয়ে যেতে সরকার আগ্রহী বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আবদুল মঈন খান। দুই দেশের মধ্যে জনশক্তি রপ্তানি, নবায়নযোগ্য জ্বালানি, অবকাঠামো, শিক্ষা, স্বাস্থ্য ও বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্ব আরোপ করেন তিনি। রোববার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ শুহাদা বিন ওসমানের সঙ্গে বৈঠকে এসব বিষয়ে আলোচনা হয়। বৈঠকে স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম উপস্থিত ছিলেন। বৈঠকের শুরুতে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাম্প্রতিক মালয়েশিয়া সফরের কথা উল্লেখ করে সফরটি সফল হওয়ায় সন্তোষ প্রকাশ করেন মালয়েশিয়ার হাইকমিশনার। পরে বাংলাদেশ-মালয়েশিয়ার দ্বিপক্ষীয় সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এসময় বিশেষভাবে বাংলাদেশ থেকে মালয়েশিয়ায় জনশক্তি রপ্তানি ও অনিবন্ধিত শ্রমিকদের নিবন্ধন, বাংলাদেশের প্রকৌশলীদের মালয়েশিয়ায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দুই দেশের যৌথ উদ্যোগে হাসপাতাল নির্মাণ, বাংলাদেশি শিক্ষার্থীদের মালয়েশিয়ায় উচ্চশিক্ষার সুযোগ বৃদ্ধি, নবায়নযোগ্য জ্বালানি খাতে বিনিয়োগ এবং খেলাধুলার সামগ্রী উৎপাদনে সহযোগিতার বিষয় উঠে আসে। এতে ইলেকট্রিক গাড়ি আমদানি, নির্মাণ খাত এবং হালাল ফুডসহ বিভিন্ন খাতে দুই দেশের অর্থনৈতিক সম্পর্ক আরও জোরদারের বিষয়েও আলোচনা হয়। বাংলাদেশ-মালয়েশিয়ার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও কার্যকর অর্থনৈতিক অংশীদারত্বে রূপ দেওয়ার বিষয়ে বৈঠকে উভয় পক্ষ আগ্রহ প্রকাশ করে। স্থানীয় সরকার বিভাগের সচিব মো শহীদুল হাসানসহ মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ এলিনা)

## মন্ত্রী-প্রতিমন্ত্রী-হুইপদের সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ

মন্ত্রী-প্রতিমন্ত্রী-হুইপদের জেলাভিত্তিক দায়িত্ব বণ্টনের সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন করা হয়েছে। রোববার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ রিট আবেদন দাখিল করেন জাতীয় সংসদের ১১ জন সংসদ সদস্য। রিট আবেদনে মন্ত্রিপরিষদ সচিবকে বিবাদী করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন আবেদনকারী সংসদ সদস্যদের আইনজীবী শিশির মনির। রিট আবেদনকারী সংসদ সদস্যরা হলেন - ব্যারিস্টার মোহাম্মদ নাজিবুর রহমান, ব্যারিস্টার মীর আহমেদ বিন কাসেম, মো. গোলাম রব্বানী, নুরুল ইসলাম, মাসুদ পারভেজ, আজিজুর রহমান, শেখ মনজুরুল হক, মো. শফিকুল ইসলাম, মো. রাশেদুল ইসলাম রাশেদ, সালাউদ্দিন ও মো. জহিরুল ইসলাম। রিটকারীদের আইনজীবী মোহাম্মদ শিশির মনির জানান, ২০০১ সালে একইরকমভাবে জেলাভিত্তিক দায়িত্ব বণ্টন করা হয়েছিল। তখন এই সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন দায়ের করা হয়। সে সময় হাইকোর্ট দায়িত্ব বণ্টন সংক্রান্ত সিদ্ধান্ত অসাংবিধানিক ঘোষণা করেন। রুলস অব বিজনেস, সংবিধান ও উচ্চ আদালতের রায় অনুযায়ী এই ধরনের সিদ্ধান্ত আইনগত কর্তৃত্ব বহির্ভূত এবং বেআইনি বলে জানান শিশির মনির। গত ২৭ আগস্ট সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ এক প্রজ্ঞাপনে, দেশের ৬৪ জেলার দায়িত্ব ৩০ জন মন্ত্রী, প্রতিমন্ত্রী ও জাতীয় সংসদের হুইপের মধ্যে ভাগ করে দেয়। প্রজ্ঞাপনে আরো বলা হয়, বিগত ফ্যাসিস্ট সরকারের আমলে বিভিন্ন জেলায় উন্নয়নের বরাদ্দ কলমে থাকলেও ব্যাপক দুর্নীতির মাধ্যমে লুটপাট করা হয়েছে। লুট করা অর্থের একাংশ বিদেশে পাচার এবং অন্য অংশ মাদকসহ সামাজিক অবক্ষয়, জননিরাপত্তা ও রাষ্ট্রীয় নিরাপত্তার জন্য ক্ষতিকর কাজে ব্যবহৃত হয়েছে। এ অবস্থায় জেলা পর্যায়ে আইনশৃঙ্খলা, দুর্নীতি ও মাদক নিয়ন্ত্রণ এবং সুশাসন নিশ্চিত করতে সমন্বয় ও তদারকির এ দায়িত্ব দেওয়া হল। (রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৮.২০২৬ এলিনা)

## রাষ্ট্রপতি মির্জা ফখরুলের আসনসহ ১১টি সংসদীয় আসনের সীমানা নিয়ে গেজেট

দেশের ১১টি সংসদীয় আসনের সীমানা নিয়ে নতুন গেজেট প্রকাশ করেছে নির্বাচন কমিশন। এসব আসনে নতুন গঠিত উপজেলা ও ইউনিয়ন পরিষদ অন্তর্ভুক্ত করা হয়েছে। এর ফলে কাগজে-কলমে আসন সীমানায় সংশোধন হলেও বাস্তবে কোনো পরিবর্তন আসবে না বলে জানিয়েছেন নির্বাচন কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তারা। রোববার এ গেজেট প্রকাশ করে ইসি। আসনগুলো হলো- ঠাকুরগাঁও-১, বগুড়া-২, পিরোজপুর-১, ময়মনসিংহ-১০, ব্রাহ্মণবাড়িয়া-৩ ও ৪, কুমিল্লা-৩, লক্ষ্মীপুর-২ ও ৩, চট্টগ্রাম-২ এবং কক্সবাজার-১। ইসির গেজেট অনুযায়ী, রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ছেড়ে দেওয়া আসন ঠাকুরগাঁও-১। ঠাকুরগাঁও সদর উপজেলা নিয়ে গঠিত ঠাকুরগাঁও-১ আসনে রুহিয়া ও ভুল্লী উপজেলাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। সদর উপজেলা ভেঙে এ দুটি উপজেলা গঠন করা হয়। গত মে মাসে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির সভায় এ দুটি উপজেলা অনুমোদন দেওয়া হয়। বগুড়া-২ আসনে শিবগঞ্জের পাশাপাশি মোকামতলা উপজেলাকেও যুক্ত করা হয়েছে। মোকামতলা উপজেলা গত মে মাসে নিকার বৈঠকে অনুমোদন পায়। ময়মনসিংহ-১০ আসনে গফরগাঁও উপজেলার সঙ্গে নবগঠিত দক্ষিণ গফরগাঁও উপজেলা যুক্ত করা হয়েছে। এ উপজেলাটি গত জুলাই মাসে নিকার বৈঠকে অনুমোদন পায়। ব্রাহ্মণবাড়িয়া-৩ আসনে আখাউড়া উপজেলার বরিশল ইউনিয়ন পরিষদকে যুক্ত করা হয়েছে। এ ইউনিয়ন পরিষদ বাদে ব্রাহ্মণবাড়িয়া-৪ আসন গঠন করা হয়েছে। ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার বাসুদেব ইউনিয়ন থেকে ৬টি গ্রাম আলাদা করে আখাউড়া

উপজেলার সঙ্গে যুক্ত করে নতুন বরিশল ইউনিয়ন গত মে মাসে অনুমোদন দেওয়া হয়। কুমিল্লা-৩ আসনে মুরাদনগর উপজেলার সঙ্গে বাঙ্গরা উপজেলাকে যুক্ত করা হয়েছে। গত জুলাই মাসে নিকার বৈঠকে বাঙ্গরা উপজেলা অনুমোদন দেওয়া হয়। চট্টগ্রাম-২ আসনে ফটিকছড়ি উপজেলার সঙ্গে নবগঠিত ফটিকছড়ি উত্তর উপজেলা যুক্ত করা হয়েছে। কক্সবাজার-১ আসনে নবগঠিত মাতারমুহুরি উপজেলাকে অন্তর্ভুক্ত করা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ আসাদ)

## সাগর-রুনি হত্যাকাণ্ডে প্রভাবশালী ব্যক্তির যোগসূত্রের প্রমাণ মিলেছে : চিফ প্রসিকিউটর

সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যাকাণ্ডের ঘটনায় একজন সাংস্কৃতিক ব্যক্তিত্বের যোগসূত্র পাওয়া গেছে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। রোববার নিজ কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। চিফ প্রসিকিউটর বলেন, "সাগর-রুনির মামলার তদন্ত আমাদের তদন্ত সংস্থা করছে না। এটি অন্য সংস্থা পিবিআই করছে। তবে আমরা একটি মামলার তদন্ত করতে গিয়ে কোনো কোনো সময় ক্লু পেয়ে যাই। যেমন শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের হত্যাকাণ্ডের বিষয়ে মেজর মোজাফফরের ব্যাপারে কিছুটা ক্লু পেয়েছিলাম। সাগর-রুনির বিষয়েও আমরা একটি ক্লু পেয়েছি। সেটার নাম-পরিচয় এখন প্রকাশ করতে পারছি না।„ তিনি বলেন, "তবে এটুকু বলতে পারি, একজন সাংস্কৃতিক ব্যক্তিত্বের সঙ্গে সাগর-রুনি হত্যাকাণ্ডের একটি কানেকশন পাওয়া যাচ্ছে। আমরা বিষয়টি যাচাই-বাছাই করে দেখছি। তার ওপর আমাদের নজরদারি রয়েছে। আরও তদন্তের পর যদি কোনো অথেনটিক তথ্য পাওয়া যায়, তাহলে পিবিআইয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে তথ্য দিয়ে সহায়তা করব।„ এটি একটি পৃথক হত্যা মামলা উল্লেখ করে চিফ প্রসিকিউটর বলেন, মামলাটির বিচার সংশ্লিষ্ট দায়রা আদালতে হবে। এর আগে, ২৭ আগস্ট সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ ফের পিছিয়েছে। ওইদিন ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের আদালতে প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল। তবে সেদিন মামলার তদন্তকারী সংস্থা পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন পিবিআই প্রতিবেদন দাখিল করতে পারেনি। পরে আদালত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ৩০ সেপ্টেম্বর নতুন দিন ধার্য করেন। এ নিয়ে এ মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ ১২৯ বার পেছালো। সাগর-রুনি হত্যা মামলাটি দীর্ঘদিন র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন র্যাবের কাছে তদন্তাধীন ছিল। বাদীপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ২০২৪ সালের ৩০ সেপ্টেম্বর হাইকোর্ট মামলাটির তদন্তের জন্য একটি টাস্কফোর্স গঠনের নির্দেশ দেন। বর্তমানে পিবিআই মামলাটির তদন্ত করছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ আসাদ)

## সোমবার পে-স্কেল উঠছে মন্ত্রিসভায়, প্রজ্ঞাপন নিয়ে সুখবর

নতুন জাতীয় বেতন কাঠামো বা পে-স্কেল নিয়ে সরকারি চাকরিজীবীদের দীর্ঘ প্রতীক্ষার অবসান হতে পারে শিগ্‌গিরই। সোমবার মন্ত্রিসভা বৈঠকে নতুন পে-স্কেলের প্রস্তাব উপস্থাপন করা হতে পারে। সেদিন অনুমোদন পাওয়া গেলে বৃহস্পতিবারের মধ্যে নতুন বেতন কাঠামোর প্রজ্ঞাপন জারি হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। অর্থ মন্ত্রণালয়ের এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে জানান, নতুন পে-স্কেল নিয়ে সরকারের ভেতরে প্রয়োজনীয় প্রক্রিয়া এগিয়ে চলছে। মন্ত্রিসভায় অনুমোদনের পর দ্রুত প্রজ্ঞাপন জারির প্রস্তুতিও রাখা হয়েছে। প্রস্তাবটি এখন মন্ত্রিসভার অনুমোদনের অপেক্ষায় রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ আসাদ)

## মক্কা চুক্তিতে বাংলাদেশ ইতিবাচকভাবে এগোচ্ছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

মক্কা চুক্তিতে অংশগ্রহণ করতে বাংলাদেশ ইতিবাচকভাবে এগোচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ড. হুমায়ুন কবির। রবিবার (৩০ আগস্ট) বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ তথ্য জানান তিনি। ইসলামিক দেশগুলোর নিরাপত্তা কাঠামো বা মক্কা চুক্তিতে বাংলাদেশের অংশগ্রহণ ও ঝুঁকি সম্পর্কিত এক প্রশ্নের জবাবে হুমায়ুন কবির বলেন, "বাংলাদেশ দীর্ঘদিন ধরে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিশ্বজুড়ে সফলভাবে শান্তি ও নিরাপত্তা রক্ষায় কাজ করে আসছে। আমাদের শান্তিরক্ষীদের এই দক্ষতা ও অভিজ্ঞতা আন্তর্জাতিকভাবে স্বীকৃত।„ তিনি বলেন, "যদি আমরা সারা বিশ্বে জাতিসংঘ কাঠামোর অধীনে শান্তি রক্ষা করতে পারি, তবে মুসলিমবিশ্বের সংকটকালে আমরা ইতিবাচক ভূমিকা রাখব- এটাই স্বাভাবিক। এটিকে আমরা ইতিবাচক দৃষ্টিকোণ থেকেই দেখছি। জোটে যোগদানের কোনো নিরাপত্তা বা কূটনৈতিক ঝুঁকি আছে কি না- এমন প্রশ্নের জবাবে রসাত্মক ভঙ্গিতে হুমায়ুন কবির বলেন, বাঁচার আগে মরার চিন্তা করলে তো লাভ নেই! বিশ্ব রাজনীতি এখন অত্যন্ত পরিবর্তনশীল। কেবল একটি নির্দিষ্ট ব্লকে না থেকে সমন্বিত ও নমনীয় পররাষ্ট্রনীতি নিয়ে এগোতে হবে। মধ্যপ্রাচ্যসহ বিশ্বের যে-কোনো প্রান্তে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার উদ্যোগে বাংলাদেশ সব সময় ইতিবাচক ভূমিকা রাখবে। মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বাংলাদেশের অবস্থান সম্পর্কে তিনি জানান, মধ্যপ্রাচ্যে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি ও বন্ধুত্বের পরিধি এখন আগের চেয়ে অনেক শক্তিশালী। একইসঙ্গে চীনের সঙ্গে প্রস্তাবিত 'টু প্লাস টু, স্ট্র্যাটেজিক সংলাপের বিষয়েও প্রক্রিয়া জোরদার হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ আসাদ)

## রোহিঙ্গা প্রত্যাবাসনে যুক্তরাজ্যের অব্যাহত সহযোগিতা চান হুমায়ুন

মিয়ানমারে রোহিঙ্গাদের নিরাপদ, স্বেচ্ছামূলক, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসন নিশ্চিত করতে আন্তর্জাতিক উদ্যোগে যুক্তরাজ্যের অব্যাহত সমর্থন চেয়েছেন পররাষ্ট্রবিষয়ক প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। রোহিঙ্গাদের জন্য যুক্তরাজ্যের অব্যাহত সহযোগিতার প্রশংসা করে হুমায়ুন কবির দীর্ঘদিনের এ সংকটের টেকসই সমাধান খুঁজে বের করতে আন্তর্জাতিক সম্পৃক্ততা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেন। বিশেষ করে মিয়ানমারে নিজ মাতৃভূমিতে রোহিঙ্গাদের নিরাপদ, স্বেচ্ছামূলক, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনের উপযোগী পরিবেশ তৈরির লক্ষ্যে আন্তর্জাতিক প্রচেষ্টায় যুক্তরাজ্যের ভূমিকা অব্যাহত রাখার আহ্বান জানান তিনি। জবাবে ব্রিটিশ হাইকমিশনার জাতিসংঘ নিরাপত্তা পরিষদে মিয়ানমারবিষয়ক  পেনহোল্ডার, হিসেবে যুক্তরাজ্য তার নেতৃত্বের ভূমিকা অব্যাহত রাখবে বলে আশ্বস্ত করেন। রোহিঙ্গা ইস্যুটি আন্তর্জাতিক অঙ্গনের আলোচনায় গুরুত্বের সঙ্গে তুলে ধরতেও লন্ডন কাজ করে যাবে বলে জানান সারাহ কুক। বৈঠকে ব্রিটিশ হাইকমিশনার হুমায়ুন কবিরকে দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান এবং বাংলাদেশ-যুক্তরাজ্য অংশীদারিত্ব আরও শক্তিশালী হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। উভয়পক্ষ বাংলাদেশ ও যুক্তরাজ্যের গভীর ঐতিহাসিক সম্পর্ক এবং দুই দেশের জনগণের মধ্যে বিদ্যমান শক্তিশালী যোগাযোগের বিষয়টি সন্তোষের সঙ্গে উল্লেখ করে।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ আসাদ)

## কৃষিভিত্তিক অর্থনীতির পুনঃঅর্থায়ন ঋণের সর্বোচ্চ সুদহার ৭ শতাংশ নির্ধারণ

দেশের উত্তরাঞ্চলে কৃষিভিত্তিক বিশেষ অর্থনৈতিক কেন্দ্র গড়ে তুলতে ৩ হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় ঋণের সুদহার সর্বোচ্চ ৭ শতাংশ নির্ধারণ করেছে বাংলাদেশ ব্যাংক। রোববার বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগ-১ থেকে এ সংক্রান্ত সংশোধিত নির্দেশনা জারি করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী, অংশগ্রহণকারী ব্যাংকগুলো বাংলাদেশ ব্যাংক থেকে ৩ শতাংশ সুদ বা মুনাফা হারে পুনঃঅর্থায়ন সুবিধা পাবে। আর গ্রাহক পর্যায়ে ঋণের সুদ বা মুনাফার হার সর্বোচ্চ ৭ শতাংশ হবে। শরীয়াহভিত্তিক অর্থায়নের ক্ষেত্রেও মুনাফার হার ৭ শতাংশের বেশি হতে পারবে না। ঋণের মেয়াদ খাত ও প্রকল্পভেদে নির্ধারণ করা হয়েছে। নির্দিষ্ট খাতে ঋণের সর্বোচ্চ মেয়াদ হবে ১৮ মাস, যার মধ্যে তিন মাস পর্যন্ত গ্রেস পিরিয়ড থাকবে। অন্যদিকে, অন্যান্য নির্ধারিত খাত ও প্রকল্পে ঋণের মেয়াদ সর্বোচ্চ ৩৬ মাস এবং এ ক্ষেত্রে তিন থেকে ছয় মাস পর্যন্ত গ্রেস পিরিয়ড দেওয়া যাবে। বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, ব্যাংকগুলো পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ থেকে নির্ধারিত সময়ের মধ্যে আসল ও ৩ শতাংশ সুদ বা মুনাফা বাংলাদেশ ব্যাংককে পরিশোধ করবে। তহবিলের অর্থ যথাযথভাবে ব্যবহার না হলে অথবা গ্রাহকের কাছ থেকে ৭ শতাংশের বেশি সুদ বা মুনাফা আদায় করা হলে সংশ্লিষ্ট অর্থের ওপর নির্ধারিত হারের অতিরিক্ত ২ শতাংশ সুদ বা মুনাফা ধার্য করে এককালীন আদায় করা হবে। এ ছাড়া, গ্রাহক পর্যায়ে ৭ শতাংশ সুদ বা মুনাফায় ঋণ বিতরণের বিষয়টি জানিয়ে ব্যাংকের শাখার ভেতরে ও বাইরে দৃশ্যমান স্থানে ব্যানার স্থাপন করতে হবে। পাশাপাশি, বিশেষ প্রচারণার মাধ্যমে এ রেয়াতি ঋণ সুবিধার বিষয়ে গ্রাহকদের জানাতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৮.২০২৬ আসাদ)

# BBC

### TUNNEL RESCUE EFFORTS 'INTENSIFIED' WITH 90 RESCUERS DEPLOYED: PM's OFFICE

The prime minister's office in Nepal says tunnel rescue efforts have been "intensified" at the Trishuli-3A hydropower site, including "blasting operations". Writing on X, it says a joint team of 90 people has been deployed, including armed forces, police, and rescuers with trained dogs. A 2×3ft hole was created in the crown of the tunnel earlier, with rescuers descending on ropes. They "received no response from inside" when they called out. Operations have continued with the team "working tirelessly around the clock" despite "difficult and risky conditions", the PM's office says. Of more than 2,500 missing people, hundreds are believed to be workers in Nepal's hydropower sites. (BBC News Web Page: 30/08/26, FARUK)

### DEATH TOLL RISES TO 800, AS NUMBER OF MISSING SURPASSES 2,500

The number of bodies recovered since Wednesday has increased to 800 as of 18:00 local time on Sunday, Nepal police says in its latest updated. In a separate update, the National Disaster Risk Reduction and Management Authority (NDRRMA) says 788 people have been killed and 2,502 remain missing. As a reminder , over the last few days information has been coming in from multiple agencies in Nepal and official figures don't always match up.
(BBC News Web Page: 30/08/26, FARUK)

**HUNDREDS OF FOREIGN NATIONALS STILL MISSING IN BORDER REGION**

Tourists from all over the world come to Nepal for its mountains and sacred sites. Reports of those missing include the following: * India - at least 320 Indian nationals are missing, the foreign ministry in Delhi says. * China- The Chinese foreign ministry says nearly 100 Chinese nationals are missing in Nepal. * US - 90 Americans are still missing, the US state department says. * Ukraine - 62 Ukrainian nationals are missing, Nepalese police say. * Malaysia - 51 Malaysians travelling with Fishtail Tours and Travels are missing in the floods, officials say. * Australia - 41 Australians are unaccounted for, according to the country's assistant immigration minister. * UK - Nepal's police say 33 British nationals are missing; Chinese state broadcaster CCTV also reports 15 British nationals are among the missing in Tibet - it is unclear how many of those are included in the figure reported by Nepal. * Canada - 30 Canadians are missing, says the country's foreign ministry. Smaller numbers of travellers from South Korea, South Africa, Portugal, the Netherlands and New Zealand are also among the missing. (BBC News Web Page: 30/08/26, FARUK)

**NEPALI HEADTEACHER'S DECISION SAVED 900 PUPILS FROM FLOODS**

The headteacher of a Nepali school devastated by floods says he was prompted to evacuate around 900 pupils to safety after receiving a series of calls warning against the risk of a flood in the area. Rajendra Dawadi, who leads Tribhuvan Trishuli Secondary School in Nuwakot - which has a total student population of just over 1,600 - says he received four warnings from different people within minutes. Among these calls were reports that floodwaters had already swept through the upstream settlement of Betrawati. That's when he made the call. "I decided I shouldn't delay any more. Even if the flood was not coming, it was just a matter of a single day's classes," he tells the BBC. As they evacuated to higher ground, Dawadi could see a hostel building about 100m from the river being engulfed by floodwaters.

(BBC News Web Page: 30/08/26, FARUK)

**A SECOND FLOOD COULD HAVE SERIOUS IMPACT EVEN IF IT IS SMALLER THAN THE FIRST: WARNS EXPERT**

A FLOODING expert warns that the immediate concern in Nepal and Tibet is that the flash floods have created new risks. Jeff Da Costa, researcher in flood early warning and disaster risk at the University Reading, tells me that debris from the disaster has blocked rivers and formed new lakes upstream. Similarly, infrastructure in the area is seriously damaged, meaning that "a second flood does not have to be as large as the first to cause serious impacts," he says. Da Costa says monitoring how lakes and barriers in the area are changing and tracking where they may burst "now matters enormously". The researcher adds it is important for China and Nepal to share monitoring information as "what happens upstream can affect people across the border very quickly". "Information has to move just as quickly and lead to practical decisions on the ground," he adds. Da Costa also described how climate change is important background context for the disaster because warming is changing glaciers, permafrost and slope stability the Himalayas.

(BBC News Web Page: 30/08/26, FARUK)

**NEW BARRIER LAKE FORMS AFTER LANDSLIDE: CHINESE STATE MEDIA REPORTS**

A new lake has formed in Tibet after a landslide occurred downstream of the existing barrier lake, Chinese state media says. A barrier lake is a body of water formed when debris dams up river. An existing barrier lake, which formed in the aftermath of the flash floods, had reportedly been depleting naturally following concerns it could result in more flooding. Chinese Central TV (CCTV) says a monitoring drone detected a landslide on Saturday, which then resulted in debris forming a new blockage and a new barrier lake. The landslide is reported to have occurred about 2.8 kilometres downstream of the barrier lake on the Pruqpu Qiang Zangbu River. China's Ministry of Emergency Management quickly gathered experts to assess the situation and rescuers near the Gyirong Port have been moved to a safe location, it adds. (BBC News Web Page: 30/08/26, FARUK)

**BOAT CARRYING NEARLY 270 PEOPLE CAPSIZES OFF NORTHERN CYPRUS**

Several people have died after a passenger boat with nearly 270 people abroad capsized off northern Cyprus, the head of the local government has said. Unal Ustel, the prime minister of the self-proclaimed Turkish Republic of Northern Cyprus said seven people had died. The Turkish ambassador to the northern Cypriot capital, Nicosia, confirmed there had been deaths without giving a number. Turkey's interior ministry said the passenger ship was

carrying 259 passengers and eight crew members when it began taking on water after departing the coastal town of Kyrenia. A search and rescue operation is under way. Murat Senkul, the mayor of the coastal town of Kyrenia, told broadcaster CNN Turk that 159 of those abroad had been reached. "The situation is very serious," he said. Local television has broadcast images of the upside-down ferry in the water, with people wearing life vests stop its hull. Helicopters and coastguard boats have been dispatched to the scene, while ambulances have been stationed on the beach. The transport minister of the self-proclaimed Turkish Republic of Northern Cyprus (TRNC), Erhan Arikli, told local media 100 passengers had been taken to shore. The TRNC, which is recognized only by Turkey, controls the northern third of the island of Cyprus, which has been divided since 1974.
(BBC News Web Page: 30/08/26, FARUK)

**ICELAND VOTES AGAINST RESTARTING TALKS ON JOINING EU**

Iceland has voted against resuming talks on joining the European Union 13 years after they were broken off. Public broadcaster RUV reported that 52.8% of 2,25,031 voters rejected the government's proposal, while 47.2% had said yes. Some 12,600 votes separated them. Prime Minister Kristrun Frostadottir's centre-left government promised to hold a referendum by 2027, but brought it forward because of international tensions, including US President Donald Trump's threats against Greenland. However, debate in this island nation of almost 4,00,000 people centred more on its fishing industrial rather than security concerns. With some 2,70,000 people eligible to vote, RUV reported the turnout of 82.5% was the highest in any election in Iceland since 2009. Already part of the EU's single market and Schengen border-free zone, EU membership would bring Iceland into the customs union and eventually the euro. (BBC News Web Page: 30/08/26, FARUK)

## :: THE END ::